

ভোটের প্রচারে থাকবে না পোস্টার, বিলবোর্ড সীমিত

আচরণবিধিমালা চূড়ান্ত করল নির্বাচন কমিশন

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের প্রচারে পোস্টার ব্যবহার করা যাবে না। এ ছাড়া *১০-এর পৃষ্ঠায় দেখুন*

প্রেসিডেন্ট ট্রাম্পের নির্বাহী আদেশে যুক্তরাষ্ট্রে প্রতিরক্ষা দপ্তরের নামকরণ হলো 'ডিপার্টমেন্ট অব ওয়ার'

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শুক্রবার এক নির্বাহী আদেশে পেন্টাগনের (প্রতিরক্ষা দপ্তরের) নাম পরিবর্তন করে নতুন নাম দিয়েছেন "ডিপার্টমেন্ট অব ওয়ার" বা যুদ্ধ মন্ত্রণালয়। হোয়াইট হাউসে সাংবাদিকদের তিনি বলেন, "বিশ্বের বর্তমান পরিস্থিতির আলোকে এটাই বেশি উপযুক্ত নাম। আমাদের সেনাবাহিনী বিশ্বের সবচেয়ে শক্তিশালী।"

এই আদেশে *৯-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 29 ॥ Issue 49 / September 08, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪৯ ॥ সোমবার, সেপ্টেম্বর ০৮, ২০২৫, ভাদ্র ২৪, ১৪৩২ ॥ রবিউল আউয়াল ১৫, ১৪৪৭

নিউইয়র্ক মেয়র নির্বাচন

মামদানীতে দ্বিধান্বিত শীর্ষ ডেমোক্র্যাটরা: সুযোগ নিতে চান ট্রাম্প





শাহ্ এ সুমন, *নিউইয়র্ক:* ডেমোক্র্যাট অধ্যুষিত নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনের দিন যত ঘনিয়ে আসছে এটিকে ঘিরে রাজনৈতিক নাটক ক্রমেই জটিল হচ্ছে। বিশেষ করে ডেমোক্র্যাট সোশ্যালিস্ট প্রার্থী জোহরান মামদানীকে ঠেকাতে প্রেসিডেন্ট ট্রাম্প ও ধনকুবেরদের হস্তক্ষেপে নাটকীয় মোড় নিয়েছে মেয়র নির্বাচন। এদিকে নিজ দলের প্রার্থী মামদানীকে প্রকাশ্য সমর্থন জানাতে এখনো দ্বিধান্বিত শীর্ষ ডেমোক্র্যাটরা। এ সুযোগে বর্তমান মেয়র এরিক অ্যাডামসকে নির্বাচন থেকে সরিয়ে মামদানী- অ্যান্ড্রু কুওমোর প্রতিদ্বন্দ্বিতায় কুওমোর বিজয় নিশ্চিত করতে চান প্রেসিডেন্ট ট্রাম্প। মেয়র এরিক অ্যাডামসকে নির্বাচন থেকে সরাতে নানা পদ-পদবীর প্রলোভন দেখাচ্ছেন ট্রাম্প প্রশাসন ও কুওমো সমর্থকরা, এমনটি গুঞ্জন ওঠেছে। তবে শুক্রবার মেয়র অ্যাডামস কোনভাবেই নির্বাচন থেকে সরে দাঁড়াবেন না বলে জানিয়েছেন।

অপরদিকে গভর্নর ক্যাথি হোকুল, সেনেট মাইনরিটি লিডার চাক শুমার এবং হাউস মাইনরিটি লিডার হাকিম জেফরিস প্রকাশ্যে মামদানীকে সমর্থন না জানানোতে ডেমোক্র্যাট শিবিরে চাপ সৃষ্টি হয়েছে। মামদানী সমর্থক শিবির থেকে শীর্ষ ডেমোক্র্যাটদের আহ্বান জানানো হচ্ছে যাতে তার মেয়র নির্বাচনে দলীয় প্রার্থীকে আনুষ্ঠানিকভাবে সমর্থন ঘোষণার।

ডেমোক্র্যাট দলের শীর্ষ নেতৃবৃন্দের সমর্থন আদায় এবং ট্রাম্প প্রশাসন এবং কর্পোরেট ধনকুবেরদের কৌশলের সাথে লড়াই করে মামদানী শেষ পর্যন্ত নিজের বিজয় ছিনিয়ে আনতে পারবেন কিনা সেটি এখন বড় প্রশ্ন হয়ে ওঠেছে সিটি মেয়র নিবাচনে।

অভিযোগ উঠেছে, ট্রাম্প শিবির বর্তমান মেয়র এরিক অ্যাডামসকে নির্বাচনী দৌড় থেকে সরাতে নানা প্রলোভন দেখাচ্ছে, যাতে সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোর জন্য মাঠ সহজ হয়।

ডেমোক্র্যাট কংগ্রেসওম্যান আলেক্সজেন্দ্রা ওকাসিও-কর্টেজ প্রশ্ন তুলেছেন, "আমাদের তো একজন মনোনীত প্রার্থী আছেন। তাহলে দল কি তার পাশে ঐক্যবদ্ধ হবে না?"

এ দিকে অ্যাডামস এখনো প্রার্থীতা ছাড়ার বিষয়টি অস্বীকার করলেও, রাজনৈতিক মহলে *১২-এর পৃষ্ঠায় দেখুন*

"শিকাগো বুঝবে কেন ডিপার্টমেন্ট অব ওয়ার বলা হয়"

হুশিয়ারি প্রেসিডেন্ট ট্রাম্পের

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শিকাগো কর্তৃপক্ষকে হুশিয়ারি দিয়ে নিজের ট্রুথ সোশ্যালের পোস্টে লিখেন, "আমি সকালে ডিপোর্টেশনের গন্ধ নিতে ভালোবাসি। শিকাগো শিগগিরই বুঝবে কেন একে ডিপার্টমেন্ট অব ওয়ার বলা হয়।" শনিবার এই পোস্টে ট্রাম্প ফ্রান্সিস ফোর্ড কপোলার বিখ্যাত ১৯৭৯ সালের "Apocalypse Now" এর ছবির মতো করে এ আই জেনারেটেড নিজের একটি ছবি ও আগুনের গোলার মধ্যে হেলিকপ্টার উড়ছে আকাশে এবং "Chipocalypse Now" লেখা এমন একটি গ্রাফিক্স এর সাথে ওই লেখাটি পোস্ট করেন। প্রেসিডেন্টের এমন পোস্টের পর তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয় ইলিনয়েস সহ পুরো যুক্তরাষ্ট্রে।

ইলিনয়েসের *৯-এর পৃষ্ঠায় দেখুন*

অক্টোবরে যুক্তরাষ্ট্রে এনআইডি সেবা শুরু

বিশেষ প্রতিনিধি: আগামী অক্টোবর থেকে যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিদের মধ্যে এনআইডি সেবা শুরু হতে পারে বলে জানিয়েছেন নিউ ইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মোহাম্মাদ মোজাম্মেল হক।

প্রবাসী বাংলাদেশিদের ভোট নিশ্চিত করার ঘোষণার পর আগামী জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিতে ব্যাপক প্রত্যাশা সৃষ্টি হয়েছে যুক্তরাষ্ট্র প্রবাসীদের মধ্যে। প্রধান উপদেষ্টার প্রবাসীদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তির ঘোষণার পর ইতোমধ্যে কাজ শুরু করেছে নির্বাচন কমিশন। এরই অংশ হিসেবে চলতি মাসেই *৯-এর পৃষ্ঠায় দেখুন*

প্রেসিডেন্ট ট্রাম্পকে চ্যালেঞ্জ ছুঁড়লেন মামদানী

সরাসরি বিতর্কের আহ্বান



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটি মেয়র পদপ্রার্থী জোহরান মামদানি সরাসরি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে প্রকাশ্যে চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে সরাসরি বিতর্কের আহ্বান জানিয়েছেন।

সিটির ব্রুকলিনে সাম্প্রতিক এক প্রচার সমাবেশে তিনি বলেন, "যদি ট্রাম্প সত্যিই বিশ্বাস করেন যে তার নীতি ও কর্মকাণ্ড এই শহরের মানুষের উপকারে এসেছে, তবে তিনি যেন মঞ্চে এসে আমার সঙ্গে মুখোমুখি আলোচনা করেন।"

মামদানি ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ তুলে বলেন, ফেডারেল *৯-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

আরও ৩০ বাংলাদেশিকে ফেরত পাঠাল যুক্তরাষ্ট্র

৭ মাসে যুক্তরাষ্ট্র থেকে প্রায় দেড় লাখ অবৈধ অভিবাসীকে বহিষ্কার

বাংলা পত্রিকা ডেস্ক: উন্নত জীবনের আশায় যুক্তরাষ্ট্রে এসে ট্রাম্প প্রশাসনের অভিবাসী বিতাড়ন অভিযানে বহিষ্কার হয়ে অন্যান্য দেশের নাগরিকদের মতো দেশে ফেরত পাঠানো হচ্ছে বাংলাদেশীদের। সর্বশেষ অবৈধভাবে অবস্থানের অভিযোগে এবার ৩০ বাংলাদেশীকে ফেরত পাঠিয়েছে ট্রাম্প প্রশাসন। তাদের বহনকারী ফ্লাইটটি বৃহস্পতিবার রাত সাড়ে ১১টার দিকে *৮-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

জর্জিয়া-নিউইয়র্কে কারখানায় অভিযানে ৫শতাধিক অভিবাসী গ্রেপ্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: জর্জিয়ার ব্রায়ান কাউন্টিতে হুন্দাইয়ের বিশাল 'মেটাপ্ল্যান্টে' ফেডারেল অভিযানে অভিবাসন আইন লঙ্ঘনের অভিযোগে ৪৭৫ জনকে আটক করেছে কর্তৃপক্ষ। এটি ট্রাম্প প্রশাসনের সময়কার সবচেয়ে বড় কর্মস্থলভিত্তিক অভিযান বলে জানা গেছে। আটক ব্যক্তিদের অধিকাংশই দক্ষিণ কোরিয়ার নাগরিক। এদিকে নিউ ইয়র্কের একটি খাদ্য প্রক্রিয়াজাত কারখানায় অভিযান চালিয়ে ৭০ জনকে আটক করেছে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্ট।

জর্জিয়ার ব্রায়ান কাউন্টিতে হুন্দাইয়ের বিশাল 'মেটাপ্ল্যান্টে' ফেডারেল অভিযানে অভিবাসন আইন লঙ্ঘনের অভিযোগে ৪৭৫ জনকে আটক করেছে কর্তৃপক্ষ। এটি ট্রাম্প প্রশাসনের সময়কার সবচেয়ে বড় কর্মস্থলভিত্তিক অভিযান বলে জানা গেছে। আটক ব্যক্তিদের অধিকাংশই দক্ষিণ কোরিয়ার নাগরিক।

সাভান্না শহরের কাছাকাছি এলাবেলে শত শত এজেন্ট হানা দিয়ে শ্রমিকদের সারিবদ্ধ করে জিজ্ঞাসাবাদ চালায়। পরে শত শত মানুষকে হেফাজতে নেওয়া হয়। অভিযানের সময় কয়েকজন পালানোর চেষ্টা করলেও শেষ পর্যন্ত সবাই আটক হন।

হুন্দাই জানিয়েছে, আটক ব্যক্তিদের কেউই তাদের সরাসরি কর্মচারী নন। তবে এই অভিযানের কারণে হুন্দাই-এলজি যৌথ উদ্যোগে নির্মিত ব্যাটারি প্ল্যান্টের কাজ বন্ধ হয়ে যায়। এ ঘটনায় কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় উদ্বেগ জানিয়েছে এবং যুক্তরাষ্ট্রকে নাগরিকদের অধিকার রক্ষার আহ্বান জানিয়েছে।

পিউ রিসার্চ সেন্টার এক জরিপে জানায়, প্রাথমিক আদমশুমারি ব্যুরোর তথ্য অনুযায়ী জানুয়ারি থেকে জুলাইয়ের মধ্যে যুক্তরাষ্ট্রের শ্রমবাজার থেকে ১২ লাখেরও বেশি অভিবাসী কর্মী হারিয়ে গেছে। এর মধ্যে রয়েছেন বৈধ কাগজপত্রধারী অভিবাসী থেকে শুরু করে অনিবন্ধিত অনেকেই।

জর্জিয়ায় হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনের প্রধান এজেন্ট স্টিভেন শ্যাঙ্ক শুক্রবার সংবাদ সম্মেলনে জানান, অবৈধ নিয়োগের অভিযোগে মাসব্যাপী তদন্তের ফলেই এই অভিযান চালানো হয়েছে। তিনি এটিকে সংস্থাটির গত দুই দশকের ইতিহাসে "একক স্থানে পরিচালিত সবচেয়ে বড় অভিযান" হিসেবে আখ্যা দেন।

শ্যাঙ্ক জানান, আটক হওয়া ৪৭৫ জনের মধ্যে কতজন কোরিয়ান নাগরিক তা তিনি সঠিকভাবে বলতে পারেননি, তবে সংখ্যাগরিষ্ঠই কোরিয়ান। এখনও কারও বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে অপরাধের অভিযোগ আনা হয়নি, তদন্ত চলমান রয়েছে।

তিনি বলেন, "এটি এমন কোনো অভিবাসন অভিযান নয় যেখানে এজেন্টরা ভেতরে ঢুকে লোকজনকে ধরে নিয়ে বাসে তুলেছে। এটি বহু মাসের অপরাধ তদন্তযেখানে আমরা প্রমাণ সংগ্রহ করেছি, সাক্ষাৎকার নিয়েছি, নথি জোগাড় করেছি এবং সেসব আদালতে পেশ করে তল্লাশি পরোয়ানা পেয়েছি।"

শ্যাঙ্ক আরও জানান, অধিকাংশ আটক শ্রমিককে জর্জিয়ার ফ্লোরিডা সীমান্তের কাছে ফোকস্টনে অবস্থিত অভিবাসন ডিটেনশন সেন্টারে নিয়ে যাওয়া হয়েছে।

একই দিনে ৯-এর পৃষ্ঠায় দেখুন

বিদেশে বাংলাদেশী আশ্রয়প্রার্থীদের ঢল!

বাংলা পত্রিকা রিপোর্ট: বিদেশে রাজনৈতিক আশ্রয়প্রার্থী বাংলাদেশীদের সংখ্যা দিন দিন বাড়ছে। ২০১২ সালের পর থেকে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশী আশ্রয়প্রার্থীর সংখ্যা বেড়ে চলেছে, তবে ২০২১ সালের পর গতি হয়েছে ব্যাপক। ২০২৪ সাল থেকে সেই হার আরো বাড়ছে। বিশেষ করে ২০২৪ সালের ৫ আগস্ট হাসিনা সরকারের পতনের পর বিদেশে বাংলাদেশি আশ্রপ্রার্থীর সংখ্যা রেকর্ড পরিমাণ বেড়েছে। যুক্তরাজ্যে বাংলাদেশিদের আশ্রয় আবেদন পরিসংখ্যানে ৫ম স্থানে ওঠে এসেছে।

জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থার তথ্যমতে, শুধু ২০২৪ সালেই অন্তত ৬৯ হাজার ৩৫৫ বাংলাদেশী বিশ্বের ৩৯টি দেশে রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেছেন। এর মধ্যে ৯৩ শতাংশ আবেদন শেষ পর্যন্ত বাতিল হলেও সংখ্যার দিক থেকে এটি একটি রেকর্ড। বিশেষজ্ঞরা বলছেন, গত বছরের সরকার পতনের পর দেশ ছাড়ার প্রবণতা নজিরবিহীন হারে বেড়েছে।

আওয়ামী লীগ সরকারের প্রভাবশালী রাজনীতিক, সাবেক মন্ত্রী-প্রতিমন্ত্রী ও ব্যবসায়ী যুক্তরাষ্ট্র, কানাডা ও যুক্তরাজ্যে আশ্রয় নিয়েছেন। অন্যদিকে দক্ষ পেশাজীবী ও শিল্পীরাও যুক্তরাষ্ট্রে স্থায়ী হওয়ার চেষ্টা করছেন।

তাদের মতো দেশের অনেক মিডিয়াকর্মী যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য সহ বেশ কয়েকটি দেশে আশ্রয় নিয়েছেন এবং এসব দেশে স্থায়ীভাবে বসবাসের চেষ্টা করছেন।

চলতি বছরের জুন পর্যন্ত যুক্তরাজ্যে রাজনৈতিক আশ্রয়ের আবেদনকারীদের মধ্যে বাংলাদেশের অবস্থান পঞ্চম। হোম অফিসের হিসাবে, ২০২৪ সালে দেশটিতে বাংলাদেশীদের আবেদন পড়েছে ৭ হাজার ২২৫টি। বেশিরভাগই অবৈধ উপায়ে প্রবেশ করে আশ্রয়ের আবেদন করেছেন। পরিসংখ্যানে দেখা যায়, শীর্ষ পাঁচ আশ্রয়প্রার্থী দেশের তালিকায় বাংলাদেশ অবস্থান করছে।

অভিবাসনের সবচেয়ে উদ্বেগজনক চিত্র মিলছে ইতালিতে। ইউএনএইচসিআরের প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ সালে ইতালিতে বাংলাদেশীদের ৩৩ হাজার ৪১৫টি আবেদন জমা পড়ে। এ সংখ্যা বিশ্বের মোট বাংলাদেশী আশ্রয়প্রার্থীর প্রায় অর্ধেক। সমুদ্রপথে নৌকা, লরি বা পাচারচক্রের সহায়তায় প্রবেশ করাই তাদের প্রধান ভরসা। অধিকাংশই কাজের সন্ধান বা উন্নত জীবনের আশায় এসেছেন, যদিও অনেকেই রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেছেন।

যুক্তরাষ্ট্রেও প্রায় দুই হাজার আবেদন জমা পড়েছে, যা আগের তুলনায় অনেক কম। ২০২৪ সালের পর থেকে ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতির কারণে যুক্তরাষ্ট্রে আশ্রয় আবেদনের সংখ্যা অনেকটাই কমেছে বলে ধারণা বিশ্লেষকদের। কানাডায় আশ্রয় আবেদনকারীর সংখ্যা বেড়েছে। গত বছর ১৫ হাজার ৭৩৬ জন বাংলাদেশি আশ্রয়ের আবেদন করেছেন। কানাডার বেগমপাড়া নামে পরিচিত ও আশপাশের এলাকায় ইতোমধ্যেই বিপুল বিনিয়োগ করেছেন বাংলাদেশের প্রভাবশালী সাবেক রাজনীতিক, আমলা ও ব্যবসায়ীরা। আওয়ামী লীগ সরকারের পতনের পর তাদের অনেকেই দ্রুত দেশ ছেড়ে কানাডায় আশ্রয়ের আবেদন করেছেন।

বিশেষজ্ঞদের মতে, রাজনৈতিক অস্থিরতা ও অর্থনৈতিক চাপ এ ধারা আরও কিছুদিন অব্যাহত থাকবে। তবে স্থিতিশীল সরকার গঠিত হলে আবেদন কমে আসতে পারে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আইনুল ইসলাম বলেন, "শ্রীলংকার মতোই বাংলাদেশের পটপরিবর্তনের পর বিপুলসংখ্যক মানুষ আশ্রয়ের জন্য বিদেশে গেছেন। অনিশ্চয়তা ও ভয় এ প্রবণতা বাড়িয়েছে।"

অভিবাসন বিশেষজ্ঞ আসিফ মুনীর মনে করেন, "ক্ষমতার পালাবদলের সময়ে অনেকে রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেন, যদিও অধিকাংশ শেষ পর্যন্ত বাতিল হয়। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য কড়াকড়ি অবস্থান নিয়েছে, তবে ইউরোপের দেশগুলোতে এখনো চেষ্টা চলছে।"

২০২৪ সালে বিভিন্ন দেশে বাংলাদেশীদের আশ্রয়ের আবেদন

ইতালি	৩৩,৪১৫	আয়ারল্যান্ড	১,০০৭
কানাডা	১৫,৭৩৬	গ্রিস	৭৭০
যুক্তরাজ্য	৭,২২৫	জাপান	৫৬৮
ফ্রান্স	৬,০৩১	দ. আফ্রিকা	৪১৯
যুক্তরাষ্ট্র	১,৮৩৯	স্পেন	৪১৯

সূত্র : ইউএনএইচসিআর

- যুক্তরাজ্য-ইতালি-কানাডায় সর্বোচ্চ আশ্রয়প্রার্থী
- হাসিনা সরকারের সাবেক এমপি-মন্ত্রীরাও আশ্রয়ের খোঁজে



হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

জুলাই সনদ ছাড়া নির্বাচন নিয়ে সংশয় জামায়াতের

বাংলা পত্রিকা ডেস্ক: জামায়াতে ইসলামের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, 'নির্বাচন নিয়ে আমরা এখনও সংশয়ের মধ্যে আছি। জুলাই সনদ বাস্তবায়নে সরকার গত বুধবার আইনি পথ চায়। রাতেই জামায়াত বৈঠক করে আইনি পথের খসড়া করে দিয়েছে। জামায়াত নির্বাচনের জন্য সরকারকে সহযোগিতায় রাজি, সংকট চায় না।'

বৃহস্পতিবার রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউটে এগ্রিকালচারিস্টস ফোরাম অব বাংলাদেশ আয়োজিত 'জুলাই সনদের আইনি ভিত্তি' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন।

গোলাম পরওয়ার বলেন, 'একটি দল পিআর পদ্ধতি চাইছে না। তাই জামায়াত বলেছে, গণভোট হোক। গণভোটে যদি জনগণ পিআর চায়, তাহলে সব দলকে মানতে হবে। যদি জনগণ বলে পিআর লাগবে না, তাহলে জামায়াতও মেনে নেবে।'

বিএনপির প্রতি ইঙ্গিত করে জামায়াত সেক্রেটারি জেনারেল বলেন, পিআর হলে সব দলের সংসদ হবে। যারা মনে করে একাই সব খাব, তারাই পিআরের বিরোধিতা করে। জামায়াত অবশ্যই নির্বাচনে অংশ নেবে। পিআরের দাবি পূরণ করেই নির্বাচনে যাবে।

নির্বাচনের আগে সংস্কার চান জানিয়ে গোলাম পরওয়ার বলেন, দলীয় সরকারের অধীনে এ সুযোগ আর আসবে না। ইতোমধ্যে একটি দলের স্থায়ী কমিটির সদস্য বলেছেন, 'যত সংস্কার করা হোক, ক্ষমতায় এলে সব মুছে দেব।' ক্ষমতায় গেলে তার কী করবেন, আগেই বোঝা যাচ্ছে।

মূল প্রবন্ধে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহা. ইয়ামিন হোসেন বলেন, জুলাই সনদ জনগণের ভোটাধিকার ও গণতান্ত্রিক সংস্কারের পূর্ণাঙ্গ দলিল।

আয়োজক সংগঠনের সভাপতি ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এটিএম মাহবুব ই ইলাহীর সভাপতিত্বে ও মহাসচিব কৃষিবিদ শেখ মুহাম্মদ মাসউদের সঞ্চালনায় সেমিনারে বক্তব্য দেন সাবেক সেনা কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) হাসান নাসির।

জামায়াত আমিরের সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের সাক্ষাৎ

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার। জামায়াত আমিরের বসুন্ধরা কার্যালয়ে এ বৈঠক হয়।

জামায়াতের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বৈঠকে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়েছে। পারস্পরিক সম্পর্ক, উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত থাকবে বলে আশা ব্যক্ত করা হয়। শফিকুর রহমানের স্বাস্থ্যের খোঁজ নেন মাইকেল মিলার।

বৈঠকে ছিলেন জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের, জামায়াত আমিরের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মাহমুদুল হাসান, ঢাকাস্থ ইইউ দূতাবাসের ডেপুটি হেড অব ডেলিগেশন বেইবা জেরিনা।

জাপার কেন্দ্রীয় অফিসে হামলা ও অগ্নি সংযোগের প্রতিবাদে নিউইয়র্কে সভা

নিউইয়র্ক: জাতীয় পার্টির কেন্দ্রীয় অফিসে হামলা এবং অগ্নি সংযোগের প্রতিবাদে গত ২৯ আগস্ট শনিবার বিকেলে জ্যাকসন হাইটসে জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার সভাপতি ও কেন্দ্রীয় সদস্য মোহাম্মদ এ বার ভূঁইয়ার সভাপতিত্বে ও যুগ্ম সাধারণ সম্পাদক আলতাফ হোসেনের পরিচালনায় প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় বক্তব্য রাখেন জাতীয় পার্টির যুক্তরাষ্ট্র শাখার উপদেষ্টা সৈয়দ শওকত আলী ও তোফায়েল আহমেদ চৌধুরী, সহ সভাপতি সবির লস্কর, এসএম ইকবাল ও নূর ইসলাম বর্ষণ, যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট আব্দুল হাই কাইয়ুম, জাতীয় যুব সংহতির যুক্তরাষ্ট্র শাখার সভাপতি আব্দুল কাদির লিপু, দপ্তর সম্পাদক শক্তি দাস গুপ্তা, কোষাধ্যক্ষ কাশেম চৌধুরী, এ এস এন রুবেল, রুবেল আহমেদ প্রমুখ।

সভায় বক্তারা অভিযোগ করে বলেন, গণ অধিকার পরিষদের নেতা নূরুল হক নূর একবার সাবেক প্রধানমন্ত্রীকে আম্মা এবং মোসাদকে আব্বা ডেকে বাংলাদেশকে অস্থিতিশীল করার লক্ষ্যে বাইরের প্রভুদের সন্তুষ্ট করতে এবং বাংলাদেশকে অস্থিতিশীল করার জন্য জাতীয় পার্টির কার্যালয়ে হামলা এবং অগ্নি সংযোগ করে। জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা এই ন্যাক্কার জনক ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। বক্তারা আরো বলেন, সরকার প্রনীত নির্বাচনী রোডম্যাপ দেখে নূরের দল জাতীয় নির্বাচনে একটিও আসন পাবে না দেখে, জাতীয় পার্টির কার্যালয়ে এই হামলা করে নির্বাচনী রোডম্যাপকে বানচাল করার চেষ্টা করছে। বক্তারা অন্তর্বরতীকালীন সরকারেকে অনতিবিলম্বে গণ অধিকার দলকে বাতিল করে নূর ও তার সহযোগী সাধারণ সম্পাদক রাশেদ খানকে গ্রেফতারের জোর দাবি জানান। অন্যথায় জাপা যুক্তরাষ্ট্র থেকে সরকার বিরোধী আন্দোলনের ডাক দিতে কার্পণ্য করবে না। -প্রেস বিজ্ঞপ্তি।





কয়েক সপ্তাহের মধ্যে দেশে ফিরবেন তারেক রহমান: ডা জাহিদ

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী কয়েক সপ্তাহের মধ্যেই বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরবেন বলে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন। তিনি বলেন, কয়েক সপ্তাহের মধ্যেই এবং জাতীয় নির্বাচনের বহু আগেই দেশে ফিরবেন তারেক রহমান। দেশে থেকে তিনি দলকে নেতৃত্ব দেবেন।

শনিবার রাজধানীর মতিঝিলে পূবালী ব্যাংকের কর্মচারী সংঘের জাতীয় সম্মেলনে এ তথ্য জানান তিনি।

জাহিদ হোসেন বলেন, যারা নির্বাচন নিয়ে ষড়যন্ত্র করছে, সেই ষড়যন্ত্র কাজে দেবে না। ফেব্রুয়ারিতেই নির্বাচন অনুষ্ঠিত হবে।

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

নির্বাচন-বিষয়ক জটিলতা

ফেব্রুয়ারিতে নির্বাচন হবেই দৃঢ়তা দেখিয়ে এ রকম বক্তব্য রাখা হচ্ছে বটে, কিন্তু আইনশৃঙ্খলার অবনতি হচ্ছে প্রায়ই। বিভিন্ন নাম নিয়ে দেশের বিভিন্ন জায়গায় যে হঠকারী ঘটনা ঘটানো হচ্ছে, তা দূর থেকে দেখছে পুলিশ। তাতে মবকারীরা মদদ পাচ্ছে। তাদের কাছে এ রকম বার্তা পৌঁছে যাচ্ছে যে, ভাঙচুর, অগ্নিসংযোগ করা হলেও সরকার থেকে কোনো বাধা আসবে না। বড়জোর তাণ্ডব ঘটানোর পর একটা মামুলি বিবৃতি দিয়ে সরকার তার দায় সারবে।

আইনশৃঙ্খলা ভঙ্গকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ব্যাপারে সরকারের এই শৈথিল্য জনগণকে মোটেই নির্ভরতা দিতে পারে না। রাজবাড়ীতে, রাজশাহীতে যে ভাঙচুর, অগ্নিসংযোগ, এমনকি কবর থেকে লাশ তুলে পুড়িয়ে দেওয়া হলো, সে ব্যাপারে সত্যিকারের কোনো পদক্ষেপ নিয়েছে সরকার? অথচ এসব ব্যাপারে সরকারের দৃঢ় অবস্থান কাম্য, যেন জনগণ বুঝতে পারে, আইন নিজের হাতে তুলে নিলে সরকার তা সহ্য করবে না। ঢাকায় জাতীয় পার্টির অফিস ভাঙচুরের সময়ও পুলিশ নিরাপদ দূরত্বে থেকে ঘটনা পর্যবেক্ষণ করেছে। মুশকিল হলো, এসব অরাজকতা ঘটছে পুলিশের চোখের সামনেই। হামলার ঘটনা ঘটার সময় পুলিশ নীরব থাকলে তার দায় কি ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এড়াতে পারে? পুলিশের চোখের সামনেই তো চলছে ভাঙচুর, তাহলে নির্দিষ্ট করে থানায় গিয়ে মামলা করতে হবে কেন? পুলিশ নিজ থেকেই কি কিছু করতে পারে না? পুলিশ বাহিনীকে সরকার কি কোনো দিকনির্দেশনা দেয় না?


গায়ের জোরে যদি যা খুশি তা করা যায়, তাহলে নির্বাচনী রোডম্যাপ দেখে শুধু স্বস্তি পাওয়ার ভান করা যাবে। আদতে নির্বাচন হওয়ার আগের দিন পর্যন্ত নির্বাচনের অনিশ্চয়তাবিষয়ক শঙ্কা বিরাজ করবে দেশে। এটা কাঙ্ক্ষিত নয়। অনেকেই বলছেন, জামায়াত আর এনসিপি গণপরিষদের প্রশ্নে অনড় থাকলেও সেটা রাজনীতির মাঠের বক্তৃতা ছাড়া কিছু নয়। সময়মতো নির্বাচনে অংশ নেবে তারা। জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে বিভিন্ন দলের বিভিন্ন মত থাকলেও সেগুলো নিয়ে একটি সমন্বিত সুপারিশ তৈরি করছে জাতীয় ঐকমত্য কমিশন। কিন্তু তাতে অনিশ্চয়তা কাটবে তো?

সাধারণ মানুষ নির্বাচন নিয়ে হতাশ হয়ে পড়ছে কি না, বিষয়টি নিয়ে সরকারের ভাবা প্রয়োজন। একটি নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা গেলে রাজনৈতিক ও সরকারি প্রতিষ্ঠানগুলো প্রাণ ফিরে পাবে–এ রকম আশাবাদের মধ্যেও শঙ্কার জন্ম হচ্ছে। ক্ষমতায় যাওয়ার আগেই বিভিন্ন রাজনৈতিক দলের কর্মকাণ্ড অনেক নেতিবাচক প্রশ্নের জন্ম দিয়েছে। ক্ষমতায় যাওয়ার আগেই বিভিন্ন প্রতিষ্ঠান দখল করে নেওয়া কিংবা চাঁদাবাজি, লুটপাটে অংশ নেওয়া, বিভিন্ন বিতর্কিত বক্তব্য রেখে রাজনীতির মাঠে উত্তেজনা সৃষ্টি করাসহ নানা কর্মকাণ্ডে জনগণ বিরক্ত হতে শুরু করেছে। রাজনৈতিক দলগুলো যদি আয়নায় নিজেদের দেখে ভুলগুলো শুধরে না নেয়, তাহলে সাধারণ জনগণ কার ওপর নির্ভর করে স্বপ্ন দেখবে? আসন্ন নির্বাচনকে ফলবান করে তুলতে হলে জনগণের মনের ভাষা পড়তে হবে। সেই চেষ্টা কি আছে বর্তমান সরকার ও রাজনৈতিক দলগুলোর ভাবনায়?



দুর্নীতির করালগ্রাসে বাংলাদেশ

মিশকাতুল ইসলাম মুমু



বাংলাদেশে দুর্নীতি একটি বহুমাত্রিক সমস্যা হিসেবে হাজির হয়েছে। প্রায় সব আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশ বারবার বিশ্বের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত দেশগুলোর মধ্যে স্থান পায়, যা দেশের রাজনৈতিক স্থিতিশীলতা, আর্থসামাজিক উন্নয়ন এবং গণতান্ত্রিক চর্চাকে বাধাগ্রস্ত করছে। এটি একদিকে যেমন রাষ্ট্রের মৌলিক কাঠামোকে ভেঙে দিচ্ছে, অন্যদিকে সাধারণ মানুষের মৌলিক অধিকার ও মর্যাদাকে ক্ষুণ্ন করছে।

এ অবস্থায় দেশের প্রত্যেক নাগরিকের আকাঙ্ক্ষা থাকে একটি সুষ্ঠু, গণতান্ত্রিক সমাজের অংশীদার হওয়া, যেখানে ন্যায়, সততা এবং স্বচ্ছতার ভিত্তিতে দেশ পরিচালিত হবে।

অতীতের অনেক সরকারই দুর্নীতির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হয়েছে। বরং দুর্নীতির বিরুদ্ধে কথা বলা ব্যক্তিদের নানাভাবে হেনস্তা করা হয়েছে। এতে দুর্নীতিবাজরা আরও বেপরোয়া হয়ে উঠেছে। প্রশাসনের শীর্ষ মহল থেকে শুরু করে নিচের স্তরের কর্মচারীরাও দুর্নীতির মাধ্যমে অঢেল সম্পদের মালিক হয়ে উঠেছে।

বাংলাদেশে দুর্নীতির পেছনে রয়েছে রাজনৈতিক, প্রশাসনিক, সামাজিক ও অর্থনৈতিক বিভিন্ন কারণ, যা দেশের সামগ্রিক উন্নয়নকে বাধাগ্রস্ত করছে। রাজনৈতিক প্রভাব ও দুর্বল শাসনব্যবস্থার কারণে ক্ষমতার অপব্যবহার বৃদ্ধি পায়, যা প্রশাসনিক নিয়ন্ত্রণকে পার্টি ও ব্যক্তিগত স্বার্থের হাতে কেন্দ্রীভূত করে এবং জবাবদিহির অভাব সৃষ্টি করে। রাজনৈতিক নিয়োগের কারণে প্রশাসনিক কার্যক্রম স্বচ্ছ ও সুষ্ঠু হয় না। ফলে দুর্নীতি বৃদ্ধি পায় এবং তার বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণে রাজনৈতিক সদিচ্ছার অভাব থাকে। সরকারি প্রতিষ্ঠানে স্বচ্ছতার অভাব ও প্রশাসনিক দুর্বলতা দুর্নীতির প্রসারকে উৎসাহিত করে। কারণ, দুর্নীতির জন্য শাস্তির ব্যবস্থা না থাকার কারণে অনেকে দুষ্কৃত কর্মকাণ্ডে লিপ্ত হয়। সমাজে প্রচলিত স্বজনপ্রীতি, ঘুষ গ্রহণ ও সুবিধা নেওয়ার অসৎ সংস্কৃতি দুর্নীতিকে স্বাভাবিক করার মাধ্যমে তা আরও বিস্তার লাভ করে।

অর্থনৈতিক বৈষম্য ও উচ্চ বেকারত্বের কারণে অনেকেই জীবিকা নির্বাহের জন্য দুর্নীতির আশ্রয় নেয়, যেখানে সরকারি চাকরি বা ব্যবসায় সুবিধা পাওয়ার ক্ষেত্রে ঘুষ দেওয়ার প্রবণতা বেড়ে যায়।

সবশেষে, আইনের দুর্বল প্রয়োগ ও বিচার বিভাগের ধীরগতি দুর্নীতিবাজদের অপরাধ থেকে বেঁচে থাকার সুযোগ করে দেয়, যা তাদের আরও উৎসাহিত করে। তাই এসব আন্তসংযুক্ত কারণের সমাধান ছাড়া বাংলাদেশের দুর্নীতি নিয়ন্ত্রণে আনা সম্ভব নয় এবং দেশের সামগ্রিক উন্নয়ন বাধাগ্রস্ত হয়।

বিশ্বের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে দুর্নীতির মাত্রা অত্যন্ত উদ্বেগজনক। বিশেষ করে দক্ষিণ এশিয়ার দেশগুলোর তুলনায় বাংলাদেশের অবস্থান নাজুক। এই পরিস্থিতিতে দেশের আর্থিক ও সামাজিক কাঠামো পুনর্গঠনের জন্য দুর্নীতি দমন কমিশনকে (দুদক) আরও স্বাধীন, শক্তিশালী ও কার্যকর করা প্রয়োজন। সৎ ও যোগ্য নেতৃত্ব ছাড়া কমিশনের পক্ষে দুর্নীতি প্রতিরোধ করা সম্ভব নয়। কারণ, যদি কমিশন নিজেই দুর্নীতিগ্রস্ত হয় তবে তা দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ের প্রধান অন্তরায় হয়ে দাঁড়াবে। আশার কথা, অন্তর্বর্তী সরকার ইতিমধ্যেই দুদকের সংস্কারে উদ্যোগ নিয়েছে এবং একটি পৃথক কমিশন গঠন করেছে। যার কাজ হবে দুদকের ক্ষমতা, দক্ষতা, কর্মপ্রক্রিয়া ও কার্যকারিতা পুনর্মূল্যায়ন ও উন্নয়ন। এই সংস্কার প্রক্রিয়ায় সবচেয়ে গুরুত্বপূর্ণ হবে দুদকের স্বাধীনতা নিশ্চিত করা, যাতে রাজনৈতিক হস্তক্ষেপ বা প্রভাবশালী গোষ্ঠীর চাপ থেকে এটি মুক্ত থাকতে পারে।

অতীতে কমিশনের স্বাধীনতা খর্ব হওয়ায় কার্যক্রম পরিচালনায় নানা চ্যালেঞ্জ তৈরি হয়েছে, ফলে এখন ।

দুর্নীতির মাধ্যমে যারা বিপুল সম্পদ আত্মসাৎ করেছে, তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করে রাষ্ট্রীয় কোষাগারে ফিরিয়ে আনার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। দুদককে জনগণের আরও কাছে নিয়ে গিয়ে সামাজিক আন্দোলনের মাধ্যমে দুর্নীতির বিরুদ্ধে একটি সম্মিলিত প্রতিরোধ গড়ে তোলা দরকার। সব মিলিয়ে, সরকারের সদিচ্ছা এবং সংস্কারের এই উদ্যোগ যদি সফলভাবে বাস্তবায়িত হয়, তবে আশা করা যায় যে ভবিষ্যতে বাংলাদেশের উন্নয়নের পথে দুর্নীতি আর বাধা হয়ে দাঁড়াবে না।

এ ক্ষেত্রে রাজনৈতিক সদিচ্ছা, জনগণের সহযোগিতা এবং কঠোর প্রশাসনিক পদক্ষেপ একত্রে কাজ করলে বাংলাদেশে দুর্নীতিমুক্ত একটি ভবিষ্যৎ গড়ে তোলা সম্ভব হবে।

> *দুদকের প্রতি জনগণের আস্থা ফিরিয়ে আনা অপরিহার্য। সেই সঙ্গে কমিশনের কর্মকর্তাদের দক্ষতা ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারের ব্যবস্থা গ্রহণ জরুরি, যাতে দুর্নীতির তদন্ত, প্রমাণ সংগ্রহ ও বিচার কার্যক্রম আরও দ্রুত ও কার্যকর হয়। পাশাপাশি আইনি কাঠামোকে আরও মজবুত করে তদন্ত ও বিচার যথাসময়ে করতে হবে এবং জবাবদিহি নিশ্চিত করতে হবে...*

শিক্ষার্থী, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

বিশেষ সাংবিধানিক আদেশে জুলাই সনদ বাস্তবায়নের চিন্তা

ডেস্ক : জুলাই জাতীয় সনদের সংবিধানসংক্রান্ত সংস্কার প্রস্তাবগুলো রাষ্ট্রপতির বিশেষ সাংবিধানিক আদেশের মাধ্যমে বাস্তবায়নের পরামর্শ দিতে যাচ্ছে জাতীয় ঐকমত্য কমিশন। অন্য সংস্কার প্রস্তাবগুলো অধ্যাদেশ ও সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে বাস্তবায়নের পরামর্শ দেওয়া হবে। পাশাপাশি পুরো সনদকে তফসিল হিসেবে বা অন্য কোনোভাবে সংবিধানে যুক্ত করা হবে।

রোববার বিশেষজ্ঞদের সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠকে প্রাথমিকভাবে এই সিদ্ধান্ত হয়েছে বলে সংশ্লিষ্ট একাধিক সূত্র থেকে জানা গেছে। বৈঠকে বিশেষজ্ঞদের বিশেষ সাংবিধানিক আদেশসংক্রান্ত একটি খসড়া তৈরি করে দিতে অনুরোধ করা হয়েছে। এই পদ্ধতির নাম 'রাষ্ট্রপতির বিশেষ সাংবিধানিক আদেশ' হবে নাকি অন্য কিছু হবে, এর 'ফরম্যাট' (কাঠামো বা বিন্যাস) কী হবে এবং কীভাবে এটাকে বাস্তবসম্মত করা যায়, এসব বিবেচনা করে তাঁরা আজ সোমবারের মধ্যে লিখিত খসড়া ঐকমত্য কমিশনকে দেবেন।

বাস্তবায়নের পদ্ধতি জুলাই সনদের অংশ হবে না। এটি সরকারকে সনদ বাস্তবায়নের সুপারিশ বা পরামর্শ হিসেবে দেবে কমিশন। যেসব সংস্কার প্রস্তাবে বিএনপিসহ অন্যান্য দলের ভিন্নমত (নোট অব ডিসেন্ট) আছে, সেগুলোও সনদে উল্লেখ থাকবে। তবে এসব বাস্তবায়নের জন্য আলাদা কোনো পদ্ধতির কথা উল্লেখ করা হচ্ছে না বলে কমিশন সূত্রে জানা গেছে।

জুলাই সনদের খসড়া চূড়ান্ত হয়েছে। সেখানে কিছু ভাষাগত পরিবর্তন আনা হবে। এরপর আগামীকাল মঙ্গলবারের মধ্যে 'জুলাই সনদ' ও 'সনদ বাস্তবায়নের পদ্ধতি নিয়ে সুপারিশ'– এই দুটি দলিল রাজনৈতিক দলগুলো ও সরকারের কাছে পাঠানো যাবে বলে আশা করছে কমিশন।

ছয়টি সংস্কার কমিশনের সংস্কার প্রস্তাব নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে দুই পর্বের আলোচনায় ৮৪টি বিষয়ে ঐকমত্য ও সিদ্ধান্ত হয়। এগুলো নিয়ে তৈরি করা হচ্ছে জুলাই জাতীয় সনদ। সনদের তিনটি ভাগ থাকবে। প্রথম ভাগে সনদের পটভূমি, দ্বিতীয় ভাগে ৮৪টি সংস্কার প্রস্তাব এবং তৃতীয় ভাগে থাকছে সনদ বাস্তবায়নের সাত দফা অঙ্গীকারনামা।

যেসব সংস্কার প্রস্তাবের বিষয়ে ঐকমত্য ও সিদ্ধান্ত হয়েছে, সেগুলোর মধ্যে কিছু বিষয় আছে, যেগুলোর জন্য আইন-বিধি পরিবর্তন করতে হবে। কিছু বিষয়ে সরকারি আদেশ প্রয়োজন হবে। এগুলো রাষ্ট্রপতির অধ্যাদেশ, বিধি প্রণয়ন এবং সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে বাস্তবায়ন করা সম্ভব। আর বেশ কিছু বিষয় আছে সংবিধানসংক্রান্ত। মূল জটিলতা সংবিধান সংস্কারসম্পর্কিত প্রস্তাবগুলো বাস্তবায়ন প্রশ্নে। বিশেষ সাংবিধানিক আদেশের মাধ্যমে প্রস্তাব বাস্তবায়ন করা হলে তা আগামী সংসদ নির্বাচনের আগেই বাস্তবায়ন সম্ভব হবে।

সনদ বাস্তবায়নের পদ্ধতি নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে মতভিন্নতা প্রকট। সনদ বাস্তবায়নের উপায় নিয়ে দলগুলোর কাছ থেকে লিখিত মতামত নিয়েছিল ঐকমত্য কমিশন। বিএনপি সংবিধানসংক্রান্ত প্রস্তাবগুলো আগামী জাতীয় সংসদ গঠনের দুই বছরের মধ্যে বাস্তবায়নের পক্ষে। তবে জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টিসহ (এনসিপি) কিছু দল আগামী জাতীয় নির্বাচনের আগেই সনদের পূর্ণাঙ্গ বাস্তবায়ন চায়।

জামায়াতে ইসলামী রাষ্ট্রপতির প্রক্লেমেশন (রাষ্ট্রপতির ঘোষণা) বা গণভোটের মাধ্যমে এবং এনসিপি গণপরিষদ গঠনের মাধ্যমে সংস্কার প্রস্তাব বাস্তবায়নের পক্ষে মত দেয়। এর বাইরে অন্তত ১০টি দল সংবিধানের ১০৬ অনুচ্ছেদ অনুসারে সুপ্রিম কোর্টের রেফারেন্স নিয়ে সনদ বাস্তবায়নের পরামর্শ দেয়। এর আগে বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠকেও বিভিন্ন প্রস্তাব এসেছিল।

বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠক

ফরেন সার্ভিস একাডেমিতে জুলাই জাতীয় সনদ চূড়ান্তকরণ এবং বাস্তবায়নের উপায় ও পদ্ধতি নিয়ে বিশেষজ্ঞদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছে জাতীয় ঐকমত্য কমিশন। তিন ঘণ্টার বেশি সময় ধরে এই আলোচনা হয়।

পরে ঐকমত্য কমিশনের বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৈঠকে বিশেষজ্ঞ হিসেবে অংশ নেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি এম এ মতিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন মোহাম্মদ ইকরামুল হক, বাংলাদেশ সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী শরিফ ভূইয়া ও ইমরান সিদ্দিক। সভায় বিশেষজ্ঞরা সনদের চূড়ান্ত খসড়া পর্যালোচনা করেন এবং বাস্তবায়নের সম্ভাব্য উপায় সম্পর্কে সাংবিধানিক, আইনগত ও রাজনৈতিক দিকগুলো নিয়ে মতামত দেন।

ঐকমত্য কমিশনের পক্ষে অংশ নেন সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ, সদস্য বদিউল আলম মজুমদার, অবসরপ্রাপ্ত বিচারপতি মো. এমদাদুল হক, ইফতেখারুজ্জামান, সফর রাজ হোসেন ও মো. আইয়ুব মিয়া। এ ছাড়া জাতীয় ঐকমত্য গঠন প্রক্রিয়ায় যুক্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার বৈঠকে অংশগ্রহণ করেন।

বৈঠকসংশ্লিষ্ট একাধিক সূত্র জানায়, বৈঠকে রাজনৈতিক দলগুলোর পরামর্শ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এর আগেও বিশেষ সাংবিধানিক আদেশ নিয়ে আলোচনা হয়েছিল। তবে উচ্চকক্ষের নির্বাচন প্রক্রিয়াসহ কোনো কোনো দলের ভিন্নমত (নোট অব ডিসেন্ট) আছে, এমন সিদ্ধান্তের বিষয়ে গণভোট দেওয়ার চিন্তা করেছিল ঐকমত্য কমিশন। গতকালের আলোচনায় এর ইতিবাচক ও নেতিবাচক দিক নিয়ে আলোচনা হয়। গণভোটের আইনি ও রাজনৈতিক দিক বিবেচনা করে এই পদ্ধতি সুপারিশ না করার পক্ষে মত আসে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, সুপ্রিম কোর্টের রেফারেন্স নেওয়ার বিষয়েও বিশেষজ্ঞরা নেতিবাচক মত দেন। একাধিক বিকল্প নিয়ে আলোচনা শেষে বিশেষ সাংবিধানিক আদেশ জারির মাধ্যমে সংস্কার বাস্তবায়নের পক্ষে প্রাথমিক সিদ্ধান্ত হয়। এ ছাড়া যেসব সংস্কার প্রস্তাব অধ্যাদেশ বা রাষ্ট্রপতির আদেশের মাধ্যমে বাস্তবায়ন সম্ভব, সেগুলোও বৈঠকে আলাদাভাবে তোলা হয়। বিশেষজ্ঞরা সেগুলো পর্যালোচনা করেছেন। সনদের অঙ্গীকারনামা নিয়েও বৈঠকে আলোচনা হয়। এ বিষয়ে বিশেষজ্ঞরা কিছু ভাষাগত পরিবর্তন আনার পরামর্শ দেন। ঐকমত্য কমিশন আজ সোমবার বিকেলে নিজেরা আবার বৈঠকে বসবে।

অধ্যাপক আলী রীয়াজ বলেন, প্রতিটি দলের পরামর্শ কমিশন অত্যন্ত গুরুত্ব দিয়ে বিবেচনা করেছে। সব ক্ষেত্রে আইনি ও রাজনৈতিক দিক, ভালো ও মন্দ দিক খতিয়ে দেখা হয়েছে। কমিশন চায় তাদের পরামর্শ যেন আইনি, সাংবিধানিক ও রাজনৈতিকভাবে গ্রহণযোগ্য হয়। তিনি জানান, বিশেষজ্ঞদের কাছ থেকে খসড়া পাওয়া গেলে মঙ্গলবার জুলাই সনদ ও বাস্তবায়নের পদ্ধতি নিয়ে কমিশনের সুপারিশ রাজনৈতিক দলগুলোকে দেওয়া যাবে বলে আশা করছেন তাঁরা।

> সংবিধানের ওপর প্রাধান্য নয়।
> সংবিধানের অংশ হবে জুলাই সনদ।
> গণভোটের চিন্তা বাদ দেওয়া হচ্ছে।

সংবিধানের অংশ হবে সনদ

সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে, জুলাই সনদের খসড়া চূড়ান্ত করেছে কমিশন। জুলাই জাতীয় সনদকে সংবিধানের ওপর প্রাধান্য দেওয়ার প্রস্তাব বাদ দেওয়া হচ্ছে। এর পরিবর্তে এই সনদকে সংবিধানে তফসিল হিসেবে বা অন্য কোনো পদ্ধতিতে সংযুক্ত করার কথা বলবে কমিশন। রাজনৈতিক দলগুলোর মতামতের পরিপ্রেক্ষিতে সনদ বাস্তবায়নের অঙ্গীকারনামায় এমন আরও কিছু পরিবর্তন আনা হচ্ছে।

গত ২৯ জুলাই রাজনৈতিক দলগুলোকে জুলাই সনদের প্রাথমিক খসড়া দিয়েছিল জাতীয় ঐকমত্য কমিশন। দলগুলোর মতামতের পরিপ্রেক্ষিতে প্রাথমিক খসড়া সংশোধন করে গত ১৬ আগস্ট 'সমন্বিত খসড়া' দলগুলোর কাছে পাঠানো হয়।

সমন্বিত খসড়ায় জুলাই সনদকে সংবিধানের ওপর প্রাধান্য দেওয়া; সনদের বৈধতা নিয়ে আদালতে প্রশ্ন তোলা যাবে না– এমন বিধান এবং সনদের ব্যাখ্যার ভার সুপ্রিম কোর্টের ওপর দেওয়াসহ মোট আটটি বিষয়ে অঙ্গীকার করার কথা উল্লেখ ছিল। তবে এই তিনটি বিষয়ে বিএনপির জোরালো আপত্তি ছিল। সনদের চূড়ান্ত খসড়ায় এই তিনটি ক্ষেত্রেই পরিবর্তন আসছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, সংবিধানের ওপরে জুলাই সনদের প্রাধান্য দেওয়ার পরিবর্তে চূড়ান্ত খসড়ায় বলা হচ্ছে, জনগণের অভিপ্রায়ই সর্বোচ্চ আইন। গণতান্ত্রিক ব্যবস্থায় জনগণের অভিপ্রায় প্রতিফলিত হয় রাজনৈতিক দলের মাধ্যমে। রাজনৈতিক দল ও জোটগুলো সম্মিলিতভাবে দীর্ঘ আলাপ-আলোচনার ভিত্তিতে জনগণের অভিপ্রায়ের সুস্পষ্ট অভিব্যক্তি হিসেবে জুলাই জাতীয় সনদ প্রণয়ন করছে। তাই এই সনদ সংবিধানে তফসিল হিসেবে সংযুক্ত করা হবে।

জানা গেছে, এ বিষয়টি নিয়েও গতকাল বৈঠকে আলোচনা হয়। সেখানে এত বড় সনদকে সংবিধানের তফসিলে রাখা ঠিক হবে কি না, তা নিয়েও আলোচনা হয়েছে। তবে সনদকে সংবিধানে যুক্ত করার বিষয়ে সবাই একমত হন। এটি তফসিল হিসেবে থাকবে, নাকি অন্য কোনোভাবে সংবিধানে যুক্ত করা হবে, তা আজ-কালের মধ্যে চূড়ান্ত করা হতে পারে।

সমন্বিত খসড়ায় বলা হয়েছিল, সনদের বৈধতা নিয়ে কোনো আদালতে প্রশ্ন তোলা যাবে না। এখানে পরিবর্তন আনা হয়েছে। চূড়ান্ত খসড়ায় বলা হয়েছে, দলগুলো সনদের বৈধতা ও প্রয়োজনীয়তা নিয়ে কোনো আদালতে প্রশ্ন তুলবে না। সনদ বাস্তবায়নের প্রতিটি ধাপে দলগুলো আইনি ও সাংবিধানিক সুরক্ষা নিশ্চিত করবে। চূড়ান্ত খসড়ায় সুপ্রিম কোর্টের ওপর সনদের ব্যাখ্যার ভার দেওয়ার বিষয়টি বাদ দেওয়া হয়েছে।

চূড়ান্ত খসড়ায় বলা হয়েছে, যেসব সংস্কার প্রস্তাব অবিলম্বে বাস্তবায়নযোগ্য, সেগুলো কোনো কালক্ষেপণ না করে দ্রুততম সময়ে নির্বাহী আদেশ ও অধ্যাদেশ জারির মাধ্যমে অন্তর্বর্তী সরকার ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সম্পূর্ণরূপে বাস্তবায়ন করবে। সংবিধান সংশ্লিষ্ট সিদ্ধান্তগুলো যথোপযুক্ত প্রক্রিয়ায় সংবিধানে অন্তর্ভুক্ত করা হবে।

ঐকমত্যের ভিত্তিতে গৃহীত নতুন রাজনৈতিক সমঝোতার দলিল হিসেবে জুলাই জাতীয় সনদের পরিপূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করা হবে।

সনদ বাস্তবায়নের জন্য সংবিধানের প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং বিদ্যমান আইনের প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন, পরিমার্জন বা নতুন আইন প্রণয়ন, প্রয়োজনীয় বিধি প্রণয়ন বা বিদ্যমান বিধি ও প্রবিধির পরিবর্তন বা সংশোধন করা হবে।

দীর্ঘ ১৬ বছরের নিরবচ্ছিন্ন সংগ্রাম এবং বিশেষত ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের ঐতিহাসিক তাৎপর্যকে সাংবিধানিক তথা রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া হবে।

গণ-অভ্যুত্থানপূর্ব ১৬ বছরের ফ্যাসিবাদবিরোধী গণতান্ত্রিক সংগ্রামে গুম, খুন ও নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিদের এবং ২০২৪ সালের জুলাই-আগস্টের গণ অভ্যুত্থানকালে সংঘটিত সব হত্যাকাণ্ডের বিচার, শহীদদের রাষ্ট্রীয় মর্যাদা ও শহীদ পরিবারগুলোকে যথোপযুক্ত সহায়তা প্রদান এবং আহতদের সুচিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা নিশ্চিত করা হবে।

এই সাত বিষয়ে অঙ্গীকার করে রাজনৈতিক দলগুলো জুলাই সনদে সই করবে।

সমন্বিত খসড়ায় বাস্তবায়নের অঙ্গীকারনামা অংশে একটি ভূমিকা ছিল। এটি নিয়ে বিএনপির আপত্তি ছিল। এর কিছু অংশ নিয়ে এনসিপিরও আপত্তি ছিল। চূড়ান্ত খসড়ায় সে ভূমিকা বাদ দেওয়া হয়েছে বলে জানা গেছে। *-খবর ইন্টারনেট*



দুর্বল ৫ ব্যাংক রাষ্ট্রীয় মালিকানায় যাচ্ছে

মেসবাহুল হক

দুর্বল পাঁচ ইসলামী শরিয়াহ্ভিত্তিক ব্যাংক মিলে একটি রাষ্ট্র মালিকানার ইসলামী ব্যাংক প্রতিষ্ঠা করা হবে। এ জন্য প্রাথমিকভাবে ব্যয় হবে ৩৫ হাজার ২০০ কোটি টাকা। এর মধ্যে মূলধন হিসেবে সরকার দেবে ২০ হাজার ২০০ কোটি টাকা। বাকি ১৫ হাজার কোটি টাকা আসবে আমানত বীমা তহবিল এবং এসব ব্যাংকে প্রাতিষ্ঠানিক আমানতকে শেয়ারে রূপান্তরের মাধ্যমে। পাঁচ ব্যাংকের একীভূতকরণ কার্যক্রমটি আগামী এক থেকে দেড় মাসের মধ্যে শেষ করতে চায় সরকার। এ জন্য সময়ভিত্তিক কর্মকৌশল চূড়ান্ত করতে একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়েছে।

এক্সিম, সোশ্যাল ইসলামী, ফার্স্ট সিকিউরিটি ইসলামী, গ্লোবাল ইসলামী ও ইউনিয়ন ব্যাংক মিলে একটি ব্যাংক প্রতিষ্ঠার রূপরেখার খসড়া নিয়ে গতকাল রোববার অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদের সভাপতিত্বে বৈঠকে এসব সিদ্ধান্ত হয়। অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, অর্থ সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদার, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান আবদুর রহমান খান, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব নাজমা মোবারেক, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. কবির আহম্মদসহ অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে অনলাইনে যুক্ত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর।

বৈঠকের বিষয়ে জানতে চাইলে ড. সালেহউদ্দিন আহমেদ সমকালকে বলেন, একীভূতকরণ নিয়ে বৈঠক হয়েছে। তবে বৈঠকের সিদ্ধান্তের বিষয়ে বিস্তারিত বলতে রাজি হননি তিনি। তবে বৈঠকে উপস্থিত একাধিক কর্মকর্তার সঙ্গে কথা বলে জানা গেছে, বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে পাঁচ ব্যাংক একীভূত করে একটি রাষ্ট্রায়ত্ত ইসলামী ব্যাংক প্রতিষ্ঠার রূপরেখা তুলে ধরা হয়েছে। আলোচনার এক পর্যায়ে রাষ্ট্রায়ত্ত ব্যাংক হওয়া নিয়ে বিরোধিতা আসে। শেষ পর্যন্ত সার্বিক অর্থনৈতিক স্বার্থে ব্যাংক খাতে শৃঙ্খলা ফেরাতে কেন্দ্রীয় ব্যাংকের এই প্রস্তাবে সম্মত হয় সরকার।

বৈঠকে জানানো হয়, একীভূতকরণ বিষয়ে ইতোমধ্যে পাঁচ ব্যাংকের সঙ্গে আলাদা বৈঠক করেছে বাংলাদেশ ব্যাংক। এর মধ্যে তিন ব্যাংক একীভূতকরণে সম্মত হলেও এক্সিম এবং সোশ্যাল ইসলামী ব্যাংক আপত্তি তোলে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে জানানো হয়, ব্যাংক দুটি পর্যাপ্ত মূলধন জোগাড় করে ব্যবসা পরিচালনা করতে পারলে তাদের একীভূতকরণের আওতায় আনা হবে না। কিন্তু তারা তা করতে সক্ষম হয়নি। উল্টো বাংলাদেশ ব্যাংকের কাছে আরও টাকা চাচ্ছে। ইতোমধ্যেই তাদের দেওয়া টাকা ফেরত দিতে পারছে না। এমন পরিস্থিতিতে নতুন করে আর টাকা দেওয়ার সুযোগ নেই। ব্যাংক দুটির সুবিধাতেই একীভূতকরণের আওতায় তাদের রাখা হচ্ছে।



সূত্র আরও জানায়, বাংলাদেশ ব্যাংকের সময়ভিত্তিক কর্মকৌশল চূড়ান্ত করে ডেপুটি গভর্নর মো. কবির আহম্মদের নেতৃত্বে একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে অর্থ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধিও রাখা হয়েছে। এতদিন বাংলাদেশ ব্যাংক সরকারের নীতিগত সিদ্ধান্তের আলোকে এ কার্যক্রম চালালেও গতকালকে বৈঠকের মধ্য দিয়ে বহুল আলোচিত দুর্বল ব্যাংক একীভূতকরণ কার্যক্রমে সরকারের প্রাতিষ্ঠানিক সম্মতি পাওয়া গেল।

ডেপুটি গভর্নর মো. কবির আহম্মদ সমকালকে বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আগামী এক থেকে দেড় মাসের মধ্যে পাঁচ ব্যাংকের একীভূতকরণের অধিকাংশ কাজ শেষ করা হবে। তবে পরিপূর্ণভাবে এ কাজ শেষ করতে আরও কিছুটা সময় লাগবে। তিনি আরও বলেন, এখন পর্যন্ত একটি রাষ্ট্র মালিকানাধীন ইসলামী ব্যাংক প্রতিষ্ঠা করার ধারণা নিয়েই তারা এগোচ্ছেন।

তিনি আরও বলেন, পাঁচ ব্যাংককে একীভূতকরণে প্রাথমিক পর্যায়ে ৩৫ হাজার ২০০ কোটি টাকা প্রয়োজন হবে। এর মধ্যে মূলধন হিসেবে সরকার দেবে ২০ হাজার ২০০ কোটি টাকা। বাজেট থেকে দেওয়া হবে ২০ হাজার কোটি এবং ২০০ কোটি টাকা বাংলাদেশ ব্যাংকের পুনঅর্থায়ন তহবিল থেকে। এ ছাড়া ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের চাঁদার টাকায় বাংলাদেশ ব্যাংকে গড়ে ওঠা আমানত বীমা তহবিল থেকে সাড়ে সাত হাজার কোটি টাকা দেওয়া হবে। বাকি সাড়ে সাত হাজার কোটি টাকার জন্য এসব ব্যাংকে প্রাতিষ্ঠানিক আমানতকারীদের আমানত শেয়ারে রূপান্তরিত করা হবে। প্রাতিষ্ঠানিক আমানতের ১০ শতাংশ শেয়ারে রূপান্তরের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক।

ওয়ার্কিং কমিটির কার্যপরিধি বিষয়ে কবির আহম্মদ বলেন, একটি নতুন ব্যাংক প্রতিষ্ঠার ক্ষেত্রে লাইসেন্স, আরজেএসসি থেকে নিবন্ধনসহ বিভিন্ন ধরনের কার্যক্রম প্রয়োজন হয়। এসব বিষয় কখন কীভাবে করা হবে সে বিষয়গুলো নিয়ে সময়ভিত্তিক পরিকল্পনা তৈরি করবে। তিনি আরও বলেন, সার্বিক কার্যক্রমে আমানতকারীদের শতভাগ স্বার্থ ও ব্যাংকগুলোতে কর্মরতদের সুরক্ষা নিশ্চিত করা হবে।

বৈঠক সূত্রে জানা গেছে, প্রাথমিক পর্যায়ে প্রয়োজন না হলেও পরবর্তী সময়ে আইএমএফ, বিশ্বব্যাংক, এডিবিসহ বিভিন্ন আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে 'পুনরুদ্ধার তহবিল' হিসেবে অর্থ নেওয়ার পরিকল্পনা রয়েছে বাংলাদেশের।

একীভূতকরণ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা জানান, সরকারের সম্মতি পাওয়ায় এবার ব্যাংকগুলোর পর্ষদ বাতিল করে আলাদা একটি পর্ষদ গঠন করা হবে। নতুন ব্যাংকটির সরকারের পক্ষে পরিচালনগত দিক দেখাশোনা করবে কেন্দ্রীয় ব্যাংক। বিভিন্ন পর্যায় থেকে তহবিল নিয়ে ব্যাংকটি তিন থেকে পাঁচ বছর সরকারি মালিকানায় চলবে। এরপর বেসরকারি খাতে বিক্রি করে দেওয়া হবে। আন্তর্জাতিক বহুজাতিক কোনো সংস্থা নতুন ব্যাংকের মালিকানায় যুক্ত হতে পারে। ব্যাংকটি বিক্রির পর মুনাফাসহ সরকারের অর্থ ফেরত দেওয়া হবে। নতুন ব্যাংকের জন্য ইসলামী ব্যাংকিং, আর্থিক খাত, তথ্যপ্রযুক্তি এবং আইন বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে স্বতন্ত্র একটি পরিচালনা পর্ষদ গঠন করবে কেন্দ্রীয় ব্যাংক। নতুন পর্ষদ দায়িত্ব নিয়ে ইসলামী ব্যাংকিং বিষয়ে অভিজ্ঞ একজনকে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ দেবে। পাঁচটি ব্যাংকের অনেক ক্ষেত্রে একই এলাকায় একাধিক শাখা রয়েছে। এতে করে কর্মী ছাঁটাইয়ের একটি প্রশ্ন আসবে। তবে কর্মীদের গণহারে যেন ছাঁটাই করতে না হয়, সে লক্ষ্যে গ্রামীণ এলাকায় নতুন শাখা খোলা হবে। এ ছাড়া কোনো এলাকা থেকে সংগৃহীত আমানতের বেশির ভাগ সেই এলাকায় বিনিয়োগ করবে।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, সব মিলিয়ে পাঁচটি ব্যাংকের খেলাপি ঋণ দাঁড়িয়েছে প্রায় এক লাখ ৪৭ হাজার কোটি টাকা। মোট ঋণের যা প্রায় ৭৭ শতাংশ। বিপুল অঙ্কের এ খেলাপি ঋণের কারণে ব্যাংকগুলোর নিরাপত্তা সঞ্চিতির ঘাটতি দেখা দিয়েছে ৭৪ হাজার ৫০১ কোটি টাকা। শতাংশ বিবেচনায় সর্বোচ্চ ৯৮ শতাংশ খেলাপিতে পরিণত হয়েছে ইউনিয়ন ব্যাংক। পর্যায়ক্রমে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ৯৬ শতাংশ, গ্লোবাল ইসলামী ব্যাংকের ৯৫ শতাংশ, সোশ্যাল ইসলামীর ৬২ শতাংশ এবং এক্সিম ব্যাংকের ৪৮ শতাংশ খেলাপি। আমানতকারীদের অর্থ ফেরত দিতে কেন্দ্রীয় ব্যাংক থেকে বিশেষ ধার হিসেবে সর্বোচ্চ সাড়ে আট হাজার কোটি টাকা নিয়েছে এক্সিম ব্যাংক। পর্যায়ক্রমে ফার্স্ট সিকিউরিটি ইসলামী নিয়েছে সাত হাজার ৫০ কোটি, এসআইবিএল ছয় হাজার ৬৭৫ কোটি, গ্লোবাল ইসলামী দুই হাজার ২৯৫ কোটি ও ইউনিয়ন ব্যাংককে দুই হাজার ৪০০ কোটি টাকা ধার দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

আইএমএফ থেকে এক-দুই বিলিয়ন ডলার আনতে জান বের হয়ে যায়: অর্থ উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক: অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ বলেছেন, 'দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশের বছরে ৩০ বিলিয়ন মার্কিন ডলার প্রয়োজন। তবে আইএমএফ থেকে এক-দুই বিলিয়ন ডলার আনতে জান বের হয়ে যায়।'

আজ সোমবার রাজধানীর আগারগাঁওয়ে পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) মিলনায়তনে শুরু হয়েছে তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা 'নেভিগেটিং ক্লাইমেট ফাইন্যান্স: মিডিয়া রিপোর্টিং'। পিকেএসএফ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) যৌথভাবে এই কর্মশালার আয়োজন করেছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থ উপদেষ্টা এই মন্তব্য করেন।

সালেহউদ্দিন আহমেদ বলেন, 'আমরা বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবণ দেশ। দুর্যোগ মোকাবিলায় বছরে প্রায় ৩০ বিলিয়ন ডলার প্রয়োজন হয়। অথচ আইএমএফ থেকে এক-দুই বিলিয়ন ডলার আনতে আমাদের জান বের হয়ে যায়। সামনে ৫ বিলিয়ন ডলারের জন্য আলোচনায় বসতে হবে।'

তিনি বলেন, 'দুর্যোগ দুই ধরনের– প্রাকৃতিক এবং মানবসৃষ্ট। কিন্তু মানবসৃষ্ট দুর্যোগের পরিমাণও কম নয়। প্রকৃতির ক্ষতির বড় একটি অংশও মানুষের কারণে হচ্ছে। তাই সমস্যার মূল জায়গায় সমাধান আনতে হবে।'

অর্থ উপদেষ্টার মতে, জলবায়ু সংকট মোকাবিলায় পাঁচটি পক্ষকে একসঙ্গে কাজ করতে হবে। এগুলো হলো– বিজ্ঞানী, নীতিনির্ধারক, প্রতিষ্ঠান, অর্থের সংস্থানকারী এবং জনগণ। তিনি বলেন, 'আগুন লাগলে ফায়ার সার্ভিসের কর্মীরা পৌঁছানোর আগেই সাধারণ মানুষ এগিয়ে আসেন। বাংলাদেশ সেই দিক থেকে এগিয়ে আছে। দুর্যোগে স্থানীয় মানুষ নিজেরা লড়াই করে। এটিকে কাজে লাগাতে হলে সচেতনতা বাড়াতে হবে।'

সাংবাদিকদের ভূমিকাও অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেন, 'জাপানে ছাত্রছাত্রীরা দুর্যোগ নিয়ে সচেতন থাকে। আমাদেরও ছোটবেলা থেকে শিশুদের দুর্যোগ বিষয়ে সচেতন করতে হবে। মিডিয়াকে মানুষের মধ্যে এ বিষয়ে সতর্কতা তৈরি করতে হবে। তবে জলবায়ু নিয়ে কথাবার্তা বেশি হলেও কাজ কম হয়।'

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেন, 'জলবায়ু পরিবর্তনের প্রভাব বাংলাদেশের সব ক্ষেত্রে দৃশ্যমান।' তিনি বলেন, 'ডেঙ্গু বাড়ছে জলবায়ুর কারণে, সিলেটে পানি বৃদ্ধি থেকে শুরু করে মাতৃমৃত্যু–এমন কোনো ক্ষেত্র নেই যেখানে জলবায়ু পরিবর্তনের প্রভাব পড়েনি। কিন্তু এসব গল্প আমরা বৈশ্বিক পর্যায়ে তুলে ধরতে পারছি না। ফলে জলবায়ু তহবিল থেকে অর্থ পাওয়ার কেস শক্তিশালী হচ্ছে না।'

ইআরডির সচিব মো. শাহরিয়ার কাদের সিদ্দিকী বলেন, 'জলবায়ু তহবিল থেকে অর্থ আনার জন্য বাংলাদেশ নিয়মিত চেষ্টা করছে। কিন্তু এর জন্য আন্তর্জাতিক মহলের কাছে ক্ষতির বাস্তব চিত্র তুলে ধরতে হবে। এখানে সাংবাদিকদের বড় ভূমিকা রয়েছে।'



উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিকেএসএফের চেয়ারম্যান জাকির আহমেদ খান। তিনি বলেন, 'জলবায়ু পরিবর্তনের প্রভাব বাংলাদেশের জন্য এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। মানুষের জীবিকা, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য, শিক্ষা–সবকিছুই ঝুঁকিতে। এই বাস্তবতায় সাংবাদিকরা যদি শক্তিশালী কণ্ঠ তৈরি করেন, তাহলে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান আরও দৃঢ় হবে।'

এ ছাড়া পিকেএসএফের ব্যবস্থাপনা পরিচালক মো. ফজলু কাদের বক্তব্য দেন। তিনি বলেন, প্রশিক্ষণের লক্ষ্য হলো সাংবাদিকদের জলবায়ু অর্থায়নের জটিল কাঠামো বুঝতে সহায়তা করা, যাতে তারা রিপোর্টিংয়ের মাধ্যমে কার্যকর ভূমিকা রাখতে পারেন।

তিন দিনব্যাপী এ কর্মশালায় দেশের বিভিন্ন গণমাধ্যমের ৬০ জন সাংবাদিক অংশ নিচ্ছেন। তারা জলবায়ু অর্থায়ন, বৈশ্বিক তহবিলের কাঠামো, অর্থ আহরণের চ্যালেঞ্জ ও মিডিয়ার দায়িত্ব নিয়ে প্রশিক্ষণ পাবেন।

দ্বিতীয়বার ইউএস ওপেনের মুকুট পরলেন আলকারাজ

ক্রীড়া ডেস্ক : ইয়ানিক সিনারের দুরন্ত ধারাকে থামিয়ে আবারও ইউএস ওপেন জিতে নিলেন কার্লোস আলকারাজ। মাত্র ২২ বছর বয়সে নিউইয়র্কের কোর্টে দ্বিতীয়বার গ্র্যান্ড স্লাম ট্রফি উঁচিয়ে ধরলেন এই স্প্যানিশ সেনসেশন। ফাইনালে চার সেটের লড়াইয়ে (৬-২, ৩-৬, ৬-১, ৬-৪) হার মানান প্রতিদ্বন্দ্বী সিনারকে।

বিশ্লেষকদের ধারণা ছিল, তরুণ এই দুই তারকার ফাইনাল হবে টানটান উত্তেজনায় ভরা। কিন্তু শুরু থেকেই ম্যাচের নিয়ন্ত্রণ নেন আলকারাজ। প্রথম সেটে মাত্র দুটি অনিচ্ছাকৃত ভুল করে ঝলমলে উইনারে এগিয়ে যান। দ্বিতীয় সেটে সিনার কিছুটা ঘুরে দাঁড়ালেও তৃতীয় সেটেই ভেঙে পড়েন তিনি। হতাশায় র‍্যাকেট ছুঁড়ে ফেলেন ইতালিয়ান তারকা। শেষ সেটে প্রাণপণ চেষ্টা করেও থামানো যায়নি আলকারাজকে।

এই জয়ে থেমে গেল হার্ডকোর্টে সিনারের টানা ২৭ ম্যাচের জয়ের ধারা। শেষ সাতবারের মুখোমুখিতে ছয়বারই জয় এখন আলকারাজের। নিউইয়র্কের আর্থার অ্যাশ স্টেডিয়ামে উপস্থিত দর্শকদের সামনে শৈল্পিক টেনিসে মাতালেন স্প্যানিশ তরুণ। খেলা শুরু হতে বিলম্ব হলেও (গ্যালারিতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপস্থিতির কারণে) কোর্টে একবার নামার পর আলকারাজ ভুলিয়ে দিলেন সব অস্বস্তি।

দ্বিতীয়বার ইউএস ওপেন জয়ের মাধ্যমে আবারও বিশ্ব র‍্যাঙ্কিংয়ের এক নম্বরে ফিরলেন আলকারাজ। সেপ্টেম্বর ২০২৩-এর পর এই প্রথম



শীর্ষে তিনি। অন্যদিকে, টানা ৬৫ সপ্তাহ নাম্বার ওয়ান থাকার পর সিংহাসন হারালেন সিনার।

মাত্র ২২ বছর বয়সেই আলকারাজের গ্র্যান্ড স্লাম সংখ্যা দাঁড়াল ছয়। ওপেন এরাতে তিন ধরনের কোর্টে একাধিক শিরোপা জেতা মাত্র চারজন খেলোয়াড়ের একজন তিনি। ফ্রেঞ্চ ওপেন ও উইম্বলডনে দুইবার করে জেতার পর এবার ইউএস ওপেনও দ্বিতীয়বার উঠল তার ঝুলিতে। সামনে অস্ট্রেলিয়ান ওপেন, যেখানে চোখ থাকবে আরও একটি গ্র্যান্ড স্লামের স্বপ্নপূরণে।



আবারও ইউএস ওপেন জিতে সেরেনার কীর্তি ছুঁলেন 'হার্ডকোর্টের রানি' সাবালেঙ্কা

ক্রীড়া ডেস্ক : এ বছর সময়টা ভালো যাচ্ছিল না অ্যারিনা সাবালেঙ্কার। অস্ট্রেলিয়ান ওপেনের ফাইনালে হারেন বেলারুশের মেয়ে। ব্যতিক্রম ছিল না ফ্রেঞ্চ ওপেনেও। উইম্বল্ডনে সেমিফাইনালে উঠেও বিদায় হতে হয় এ শীর্ষ তারকাকে। অবশেষে বছরের শেষ গ্র্যান্ড স্ল্যামে নিজেকে উজাড় করে দেন তিনটি গ্র্যান্ড স্ল্যামের মালিক সাবালেঙ্কা। ইউএস ওপেনের শুরু থেকেই দুরন্ত খেলতে থাকেন টুর্নামেন্টের বর্তমান চ্যাম্পিয়ন। সব মিলিয়ে মাত্র একটি সেটে হারেন এ তারকা। অবশেষে আর্থার অ্যাশ স্টেডিয়ামে শিরোপা ধরে রাখার লড়াইয়ের দিন কোর্টে ঝড় তুলেন সাবালেঙ্কা। বছরের শেষ আসরে পেলেন সাফল্যের স্বাদ। টানা দ্বিতীয়বারের মতো ইউএস ওপেনের ট্রফি উঁচিয়ে ধরলেন তিনি। স্বাগতিক যুক্তরাষ্ট্রের আমান্ডা আনিসিমোভাকে ৬-৩, ৭-৬(৭-৩) গেমে হারিয়ে ক্যারিয়ারের চতুর্থ গ্র্যান্ড স্ল্যাম জিতেছেন সাবালেঙ্কা। তবে নিজের সর্বোচ্চটাই দিয়েছেন আমান্ডা। মানসিক অবসাদ কাটিয়ে দারুণভাবে উন্নতি করেছেন তিনি। এবারের উইম্বল্ডনে প্রথমবার গ্র্যান্ড স্ল্যামের ফাইনালে উঠলেও ইগা সুয়াটেকের কাছে হেরে যান। এবার হেরে গেলেন ইউএস ওপেনেও।

এদিকে ২৭ বছর বয়সি সাবালেঙ্কার এটি ছিল গ্র্যান্ড স্ল্যাম টুর্নামেন্টে শততম জয়। টেনিসের এ শীর্ষ তারকা মাইলফলকটি রাঙিয়েছেন কাঙ্ক্ষিত শিরোপায়। সেরেনা উইলিয়ামসের ১১ বছর পর কোনো খেলোয়াড় টানা দ্বিতীয়বারের মতো ইউএস ওপেন জিততে পারলেন। কিংবদন্তি সেরেনা টানা তিনবার ট্রফি জিতেছিলেন ২০১২ থেকে ২০১৪ পর্যন্ত। চ্যাম্পিয়ন হয়ে সাবালেঙ্কা এ সময়ে হার্ড কোর্টের অবিসংবাদিত রানির খেতাবও ধরে রাখলেন। তার চারটি গ্র্যান্ড স্ল্যাম শিরোপাই হার্ড কোর্টে। ২০২২ থেকে কোনো হার্ড কোর্ট আসরের ফাইনালের আগে থামেননি তিনি। ক্যারিয়ারে সাবালেঙ্কা দুইবার করে ইউএস ওপেন (২০২৪, ২০২৫) ও অস্ট্রেলিয়ান ওপেন (২০২৩, ২০২৪) জয় করেছেন। একাধিকবার উইম্বল্ডনের সেমিফাইনালে খেলেছেন। এখন পর্যন্ত একবারও ফাইনালে উঠতে পারেননি। ফ্রেঞ্চ ওপেনে একবার ফাইনালে উঠলেও শিরোপার দেখা পাননি।

সাবালেঙ্কার জন্য এবারের শিরোপা জয় বিশেষ কিছু। একের পর এক ব্যর্থতার পর শিরোপা নিশ্চিত হতেই হাঁটু গেড়ে কোর্টে বসে পড়েন। আনন্দে কেঁদে ফেলেন, 'আমি জানতাম, যতটা পরিশ্রম করেছি, এ বছর একটি গ্র্যান্ড স্ল্যাম আমার প্রাপ্য।

শিরোপা ধরে রাখা ও কোর্টে দারুণ খেলার মূল্য আমার কাছে অনেক। লড়াই করে যাওয়া ও ফাইনালে এভাবে নিজেকে নিয়ন্ত্রণে রাখতে পারার মূল্যও অনেক। এই মুহূর্তে নিজেকে নিয়ে আমি দারুণ গর্বিত।' এদিকে উইম্বল্ডনের পর ইউএস ওপেনেও কাঁদতে হয়েছে আমান্ডাকে, 'মৌসুমে টানা দুটি ফাইনালে ওঠা ছিল দারুণ, তবে হেরে যাওয়াটা প্রচণ্ড কঠিন।' সাবালেঙ্কার পারফরম্যান্সের প্রশংসা করতেও ভুলেননি তিনি।

এশিয়া কাপে ভারত-পাকিস্তান ম্যাচ বেশি হওয়ার সুযোগ কেন রাখা হয়

ক্রীড়া ডেস্ক : ১২টি টেস্ট খেলুড়ে দেশের পাঁচটিই দক্ষিণ এশিয়ায়। এর মধ্যে তিনটি দল আবার ক্রিকেট বিশ্বের পরাশক্তি—ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কা। ক্রিকেটের একমাত্র মহাদেশীয় শ্রেষ্ঠত্বের লড়াই হিসেবে এশিয়া কাপের আলাদা করে নজর কাড়াটা তাই মোটেও আশ্চর্যজনক কিছু নয়।

তবে বাস্তবতা হলো, ভারত-পাকিস্তান ম্যাচ না থাকলে এশিয়া কাপ আর্থিকভাবে মোটেই টেকসই হতে পারত না। টুর্নামেন্টটির আয়োজক এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি) এই ম্যাচ থেকেই অর্থ যতটা তোলার তুলে নেয়। আর তাই এবারের সূচিটাই এমনভাবে করা হয়েছে যেন ভারতপাকিস্তান ম্যাচ একাধিকবার দেখার সর্বোচ্চ সুযোগ থাকে দর্শকদের জন্য।

সংযুক্ত আরব আমিরাতে এশিয়া কাপ শুরু হচ্ছে আগামীকাল থেকে। আরব আমিরাত ও ওমানের সঙ্গে 'এ' গ্রুপে রয়েছে ভারত ও পাকিস্তান।

১৪ সেপ্টেম্বর গ্রুপ পর্বের ম্যাচে মুখোমুখি হবে দুই প্রতিবেশী। এরপর সুপার ফোরে ২১ সেপ্টেম্বর আবার মুখোমুখি হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে ভারত ও পাকিস্তানের। কারণ, সুপার ফোরে সেদিনের সূচিতে মুখোমুখি হওয়ার কথা 'এ' গ্রুপের শীর্ষ দুই দলের। আরব আমিরাত এবং ওমানের প্রতি পূর্ণ সম্মান বজায় রেখেই বলা যায়, এই গ্রুপ থেকে সেরা দুই দল হিসেবে ভারত ও পাকিস্তানেরই সুপার ফোরে ওঠার সম্ভাবনা বেশি।

এরপর আরও একবার দুই প্রতিবেশীর দেখা হওয়ার সুযোগ আছে। সেটা ২৮ সেপ্টেম্বরের ফাইনালে। অর্থাৎ এবারের এশিয়া কাপের মোড়কে ভারতপাকিস্তান তিন ম্যাচের সিরিজ দেখারও সম্ভাবনা আছে—বৈরী রাজনৈতিক সম্পর্কের কারণে যেটা সর্বশেষ দেখা গেছে এক যুগ আগে। ২০১৩ সালে সর্বশেষ দ্বিপক্ষীয় সিরিজে মুখোমুখি হয়েছে ভারতপাকিস্তান।

আগামী বুধবার দুবাইয়ে আরব আমিরাতের মুখোমুখি হয়ে এশিয়া কাপ অভিযান শুরু করবে ভারত।

এবারের এশিয়া কাপের আনুষ্ঠানিক আয়োজক দেশ ছিল ভারত। কিন্তু বৈরী রাজনৈতিক সম্পর্কের কারণে গত ফেব্রুয়ারিমার্চে অনুষ্ঠিত চ্যাম্পিয়নস ট্রফির আগে এই দুই প্রতিবেশী দেশের মধ্যে নিজেদের ম্যাচগুলো নিরপেক্ষ ভেন্যুতে খেলার জন্য তিন বছরের সমঝোতা চুক্তি হয়। এ কারণে টিটোয়েন্টি সংস্করণে এবারের এশিয়া কাপ অনুষ্ঠিত হচ্ছে আরব আমিরাতে।



২০২৯ ক্লাব বিশ্বকাপ শুরু কখন জানাল ফিফা

অবশেষে চূড়ান্ত হয়েছে ক্লাব বিশ্বকাপের পরবর্তী আসর ২০২৯ সালে কখন হবে। ২০২৯ সালের গ্রীষ্মে হবে ক্লাব বিশ্বকাপের পরবর্তী আসর। টুর্নামেন্টের আয়োজনে কাতার আগ্রহ দেখালেও ফিফার এই সিদ্ধান্তে দেশটির আয়োজক হওয়ার সম্ভাবনা শেষ। কাতারে ক্লাব বিশ্বকাপ হলে টুর্নামেন্টটি গ্রীষ্মের পরিবর্তে শীতে সরাতে হতো। এতে ইউরোপীয় লিগগুলোর সঙ্গে সংঘাত তৈরি হওয়ার শঙ্কা ছিল। এ কারণে গ্রীষ্ম অর্থাৎ জুন-জুলাইয়ে টুর্নামেন্ট আয়োজনের সিদ্ধান্ত কাতারের স্বাগতিক হওয়ার আশা প্রায় শেষ। মহাদেশীয় কনফেডারেশনগুলোকে নতুন পরিকল্পনার কথা জানিয়েছে ফিফা। যুক্তরাষ্ট্রে হওয়া এবারের ৩২ দলের টুর্নামেন্টের পর এবার আসর সম্প্রসারণের জোর আলোচনা চলছে। বড় ক্লাবগুলোর লবিংয়ের কারণে ২০২৯ সালে ৪৮ দলের ফরম্যাটে যাওয়ার দাবি জোরালো হলেও ফিফা এখনো ধাপে ধাপে দল বাড়ানোর বিষয়টি বিবেচনায় রেখেছে। এখন পর্যন্ত স্পেন ও মরক্কো ২০২৯ ফিফা ক্লাব বিশ্বকাপের আয়োজক হওয়ার দৌড়ে সবচেয়ে এগিয়ে আছে। ২০৩০ বিশ্বকাপও যৌথভাবে আয়োজন করবে এই দুই দেশ। পর্তুগাল সেই বিশ্বকাপের সহ-আয়োজক হলেও ক্লাব বিশ্বকাপ আয়োজন নিয়ে তাদের আগ্রহ খুব একটা দেখা যায়নি। এদিকে খেলোয়াড়দের স্বাস্থ্যের কথা মাথায় রেখে ফিফা নতুন কাঠামো বিবেচনা করছে।

নতুন কাঠামো অনুসারে মূল পর্ব শুরুর আগে এক সপ্তাহের মধ্যে বাছাইপর্ব আয়োজন করা হবে। যেখানে জয়ী দলগুলো মূল টুর্নামেন্টে জায়গা করে নেবে। সবশেষ আসরে কনকাকাফের প্রতিনিধি নির্ধারণের জন্য শেষ মুহূর্তে লস অ্যাঞ্জেলেস এফসি ও ক্লাব আমেরিকার মধ্যে প্লে-অফ আয়োজন করা হয়েছিল। ভবিষ্যতে এমন জটিলতায় পড়তে চায় না ফিফা। *—ক্রীড়া ডেস্ক*

অশ্রু দিয়ে লেখা মেসির বিদায় রাগিণী

ক্রীড়া ডেস্ক: আর্জেন্টিনার জার্সিতে দেশের মাটিতে লিওনেল মেসির প্রথম ম্যাচটা ছিল ২০ বছর আগে এই স্টেডিয়ামেই। ৯ অক্টোবর, ২০০৫। সেটাও ছিল বিশ্বকাপ বাছাইয়ে ঘরের মাঠে আর্জেন্টিনার শেষ ম্যাচ। দুই দশক পর সেই একই স্টেডিয়াম ও একই 'মঞ্চ'—শুধু অনুভূতিটা আলাদা; আর্জেন্টিনার জার্সিতে দেশের মাটিতে এটাই তাঁর শেষ প্রতিযোগিতামূলক ম্যাচ।

তিন ছেলেকে সঙ্গে নিয়ে মাঠে নামলেন তিনি। ছেলেরা বাবার গালে 'বেসো' এঁকে দিল। আর্জেন্টাইন ভাষায় চুমুকে বলে 'বেসো'। ভরা গ্যালারির দিকে তাকালেন। দুচোখ ভিজে গেল। যিনি সূচনা বানিয়েছেন তিনি সমাপ্তি বানালেন কেন। অদ্ভুত না! ২০ বছর আগে বুয়েনস এইরেসের এই মনুমেন্টাল স্টেডিয়ামে আর্জেন্টিনার নীল-সাদা স্ট্রাইপের জার্সি গায়ে প্রথম খেলতে নেমেছিলেন লিওনেল মেসি। সেবারও প্রতিপক্ষ ছিল ভেনেজুয়েলা। এবারও ৩০ মিলিয়ন জনঅধ্যুষিত সেই দেশ। গ্যালারিতে স্ত্রী আন্তোনেলা রোকুজ্জো, তিন সন্তান এবং বাবা জর্জকে বসিয়ে মেসি করলেন জোড়া গোল (৩৯ ও ৮০ মিনিটে)। তিনটিও হতে পারত। তার শেষ গোলটা যদি অফসাইডের ফাঁদে খারিজ না হয়ে যেত। অপর গোল লাউতারো মার্তিনেজের, শুয়ে দুর্দান্ত হেডে। আর্জেন্টিনার ৩-০ গোলের জয় এখানে গৌণ। মুখ্য এক রাজপুত্রের আবেগ



ও অশ্রুর আখ্যান।

শুক্রবার বাংলাদেশ সময় ভোর ৫টা ৩০ মিনিটে শুরু এই ম্যাচ যতটা না ছিল আর্জেন্টিনা-ভেনেজুয়েলার, তার চেয়ে অনেক বেশি মেসির। শেষবার ঘরের মাঠে নেমে আবেগের সুরভি ছড়ালেন ২০২২ কাতার বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন অধিনায়ক। চিকচিক করছিল তার চোখের কোণ। গ্যালারিভর্তি দর্শক কোরাস কণ্ঠে 'লিও, লিও' বলে চিৎকার করছিল।

সাইয়ারা'র (নক্ষত্র) দুচোখ ভিজল আবেগের অশ্রুতে। 'এভাবে এখানে শেষ করাটা...' বাক্যটা অসম্পূর্ণ রেখে দিলেন। মেসি চোখ মুছলেন। আবেগ তখন 'পারানা' (আর্জেন্টিনার সবচেয়ে বড় নদী) হয়ে উঠেছে। সময়ের নিষ্ঠুরতায় এক অদ্ভুত মায়া জড়িয়ে থাকে। সূচনা ও সমাপ্তিকে এক বিন্দুতে মিলিয়ে ৮০ হাজার দর্শকের মনুমেন্টাল হয়ে ওঠে মহানক্ষত্রের বিদায়মঞ্চ। দেশের মাটিতে যে এটাই ছিল মেসির শেষ ফুটবল-জাদু। বিশ্বকাপের আগে ঘরের মাঠে আর্জেন্টিনার আর কোনো ম্যাচ নেই।

ম্যাচ শেষে ৩৮-এর জাদুকরের কাছে জানতে চাওয়া হয়েছিল, কতদূর আর কতদূর! দার্শনিকের মতো তার উত্তর, 'বহু বছর পেরিয়ে গেছে। ম্যাচের পর ম্যাচ খেলেছি। আমি খুশি। এভাবে শেষ করতে পারা... এটাই তো চেয়েছিলাম। এই স্বপ্নই তো এতদিন দেখেছি।' প্রশ্নচিহ্ন নিজেই বসিয়ে দিয়েছেন মেসি, 'বয়সের কথা মাথায় রাখলে, যুক্তি মানলে বিশ্বকাপে হয়তো খেলা হবে না। তবে আমি খেলতে চাই। যদি ফুটবল আর উপভোগ করতে না পারি, তাহলে নিজেই সরে যাব।' বিষণ্ণতা ও বিহবলতা খেলা করে তার দুচোখে। বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা আগেই বিশ্বকাপের টিকিট কেটেছে। তবু ভেনেজুয়েলা ম্যাচের গুরুত্ব ছিল মেসির কারণে।

অশ্রু দিয়ে লেখা এই ম্যাচ শেষে বিদায়ের বার্তা দিয়ে রাখলেন মেসি। প্রাক-ম্যাচ কথোপকথনে আর্জেন্টিনার কোচ লিওনেল স্কালোনি বলেছেন, 'আমি নিশ্চিত, আর্জেন্টিনায় এটা লিওর শেষ ম্যাচ হতে যাচ্ছে না। কখন থামবে, সেই সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার শুধুই তার। আমাদের দিক থেকে বলতে পারি, সবসময় সমর্থনের সবটুকু ওর জন্য বরাদ্দ থাকবে।'

আরও ৩০ বাংলাদেশিকে ফেরত পাঠাল যুক্তরাষ্ট্র



প্রথম পৃষ্ঠার পর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। দেশে ফেরত অভিবাসীদের মধ্যে ২৯ জন পুরুষ ও একজন নারী রয়েছেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে অভিবাসনবিরোধী অভিযান আরো জোরদার হওয়ার পর থেকে বাংলাদেশীসহ বিভিন্ন দেশের নাগরিকদের ফেরত পাঠানো হচ্ছে। এর আগে তিন ধাপে ১৮৭ জন বাংলাদেশী ফিরেছেন বলে জানা গেছে।

এদিকে গত ৭ মাসে যুক্তরাষ্ট্র থেকে ১ লাখ ৪৫ হাজার ৪১৯ অবৈধ অভিবাসীকে বহিষ্কার করেছে ট্রাম্প প্রশাসন। এরমধ্যে সবচেয়ে বেশি ২৭ হাজার ৯৭০ জনকে বহিষ্কার করা হয় জুন মাসে। এ সময়ের মধ্যে প্রেসিডেন্ট ট্রাম্পের আহবানে আরো ৪ হাজার ২৪১ জন স্বেচ্ছায় নিজ দেশে ফিরেছেন। ইউএস ইমিগ্রেশন এ্যান্ড কাস্টমস এ্যানফোর্সমেন্ট - আইস গত ৪ সেপ্টেম্বর এ তথ্য জানিয়েছে।

বৃহস্পতিবার রানওয়ে পর্যন্ত শিকল বেঁধেই তাঁদের আনা হয়েছে। রানওয়ে থেকে শিকল খুলে অ্যারাইভাল গেটে নেওয়া হয়। এ সময় কাউকে তাঁদের কাছে যেতে দেওয়া হয়নি। কাউকে কোনো ধরনের ছবিও তুলতে দেওয়া হয়নি। তাঁদের মধ্যে একজন নারীও আছেন।

জানতে চাইলে পুলিশের বিশেষ শাখার (এসবি) ডিআইজি (ইমিগ্রেশন) মোয়াজ্জেম হোসেন বলেন, 'একজন নারীসহ ৩০ জনকে যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো হয়েছে। তাঁদের বহনকারী উড়োজাহাজ বৃহস্পতিবার বিমানবন্দরে এসেছে।'

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কর্মরত বিভিন্ন সংস্থার প্রত্যক্ষদর্শী কর্মকর্তারা জানিয়েছেন, রাত ১১টার পর উড়োজাহাজটি অবতরণ করলেও তিন ঘণ্টা সেটি রানওয়েতে ছিল। সেখানে আরোহীদের হাতকড়া ও শিকল খোলা হয়, বিমানবন্দরের অ্যারাইভাল এরিয়ায় পৌঁছানোর আগেই সবাইকে শিকলমুক্ত করে দেওয়া হয়। রাত ২টার দিকে কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে তাঁদের বিমানবন্দরে আনা হয়। এ সময় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি বিশেষ টিম, কয়েকটি গোয়েন্দা সংস্থার বিশেষ টিম এবং যুক্তরাষ্ট্র দূতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দীর্ঘ যাত্রা ও শিকল পরে থাকার কারণে আগতরা ছিলেন বিধ্বস্ত। ওই সময় নোয়াখালীর ২২ বছর বয়সী আব্দুল্লাহ বিমানবন্দরে হতাশা প্রকাশ করে বলতে থাকেন, এই লম্বা যাত্রায় পুরোটা সময় হাতে-পায়ে দাগি আসামির মতো শিকল পরিয়ে রেখেছিল। একে তো দেশে ফেরত আসার হতাশা, তার ওপর 'টেররিস্টের' মতো হাতে-পায়ে শিকল পরে মাতৃভূমিতে ফেরার মতো ভয়াবহ পরিস্থিতি আর কারও যেন না হয়!

বিমানবন্দর সূত্র জানিয়েছে, বেসরকারি সংস্থা ব্র্যাকের পক্ষ থেকে তাঁদের বাড়ি পৌঁছানোর জন্য অর্থ সহায়তা দেওয়া হয়েছে।

ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর অবৈধ অভিবাসীদের ফেরত পাঠানোর অভিযান জোরদার করা হয়েছে। এর ধারাবাহিকতায় একাধিক দফায় বাংলাদেশিসহ বিভিন্ন দেশের নাগরিকদের ফেরত পাঠানো হচ্ছে। গত কয়েক মাসে অন্তত ১৮০ জন বাংলাদেশিকে ফেরত আসার তথ্য জানা গেছে।

প্রথম দিকে হাতকড়া ও শিকল পরানো না হলেও গত ২ আগস্ট একটি সামরিক পরিবহন উড়োজাহাজ সি-১৭-এ করে নারীসহ যে ৩৯ বাংলাদেশিকে দেশে পাঠানো হয়, তাঁদের সবার হাতকড়া ও শিকল ছিল। গতকালও সবার হাতে হাতকড়া ও শিকল পরানো ছিল।

ফেরত আসা ব্যক্তিরা জানান, প্রায় ৬০ ঘণ্টার দীর্ঘ যাত্রায় তাঁদের হাতকড়া ও শিকলে বেঁধে রাখা হয়েছিল। ঘণ্টার পর ঘণ্টা যন্ত্রণা নিয়ে বসে থাকতে হয়েছে। খেতে দেওয়া হয়েছে শুধু রুটি আর পানি। এমনকি টয়লেটে যাওয়ার সময় শিকল খুলে দিয়ে একজন অফিসার সঙ্গে যেতেন, টয়লেট সারার পর আবার শিকল বেঁধে দিতেন।

পুলিশের স্পেশাল ব্রাঞ্চ (এসবি) ও এইচএসআইএর ইমিগ্রেশন বিভাগের সূত্র বলছে, এর আগে চলতি বছরের ৮ জুন একটি চার্টার্ড ফ্লাইটে ৪২ বাংলাদেশিকে ফিরিয়ে আনা হয়।

এর আগে চলতি বছরের ৬ মার্চ থেকে ২১ এপ্রিল পর্যন্ত একাধিক ফ্লাইটে আরও অন্তত ৩৪ বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়। ২০২৪ সালের শুরু থেকে চলতি বছরের আগস্ট পর্যন্ত যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো বাংলাদেশির সংখ্যা ১৮০ ছাড়িয়েছে।

এর আগে ২০১৬ সালে ২৭ বাংলাদেশিকে যুক্তরাষ্ট্র থেকে ফিরিয়ে আনা হয়েছিল কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে। তাঁরা বিশেষ ফ্লাইটে এসেছিলেন, আর যাত্রাপথে হাতকড়া পরিয়ে রাখা হয়েছিল। এই দৃশ্য তখন দেশে তীব্র প্রতিক্রিয়া তৈরি করে। এভাবে শিকল পরানোয় মানবাধিকার ও মানবিক মর্যাদা নিয়ে প্রশ্ন ওঠে তখন। এ নিয়ে বাংলাদেশ সরকার ও মার্কিন প্রশাসনের মধ্যে আলোচনাও হয়েছিল।

অভিবাসন বিশেষজ্ঞরা মনে করেন, প্রত্যাবাসনের সময় হাতকড়া ও শিকল পরানো উচিত নয়। সাধারণ অভিবাসীদের হাতকড়া বা শিকল পরিয়ে ফেরত পাঠানোটা আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ডের পরিপন্থী।

ওজনপার্ক ও ক্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কজওয়ে এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting). M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

পদত্যাগ করলেন নেপালের স্বরাষ্ট্রমন্ত্রী

তথ্যসূত্রঃ দ্য কাঠমান্ডু পোস্ট : নেপালে বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে ১৯ জন নিহত হওয়ার পর দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী রমেশ লেখক পদত্যাগ করেছেন। আজ সোমবার সন্ধ্যায় তিনি প্রধানমন্ত্রী কে পি শর্মা অলির কাছে পদত্যাগপত্র জমা দেন। রাজধানী কাঠমান্ডুর বালুয়াটায় প্রধানমন্ত্রীর বাসভবনে মন্ত্রিপরিষদের এক বৈঠকে তিনি পদত্যাগপত্র দেন।

আজ সন্ধ্যার ওই বৈঠক উপস্থিত ছিলেন এমন একজন মন্ত্রী জানান, বিক্ষোভে ১৯ জন নিহত ও চার শতাধিক মানুষ আহত হওয়ার ঘটনায় নৈতিক কারণে রমেশ পদত্যাগের সিদ্ধান্ত নেন। ২০২৪ সালের ১৫ জুলাই স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেছিলেন তিনি।

ফেসবুক, এক্স, ইউটিউব, ইনস্টাগ্রামসহ ২৬টি সামাজিক যোগাযোগমাধ্যম ও মেসেজিং অ্যাপ বন্ধের ঘোষণায় আজ নেপালের রাজধানী কাঠমান্ডুতে সকালে বিক্ষোভ শুরু হয়। একপর্যায়ে কিছু বিক্ষোভকারী পুলিশের ব্যারিকেড টপকে পার্লামেন্ট ভবনে ঢুকে পড়েন। এ সময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও বিক্ষোভকারীদের সংঘর্ষ হয়।

পুলিশ জলকামান ও কাঁদানের গ্যাসের শেল নিক্ষেপের পাশাপাশি গুলি ছোড়ে। এতে কাঠমান্ডুতে অন্তত ১৭ জন এবং ইতাহারি শহরে ২ জন নিহত হন। চার শতাধিক ব্যক্তি আহত হন।

এর আগে নেপালের প্রধান বিরোধী দল কংগ্রেসের সাধারণ সম্পাদক গগন থাপা ও বিশ্ব প্রকাশ শর্মা স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগের দাবি জানান। দলটির উচ্চপর্যায়ের এক বৈঠক শেষে তাঁরা এ দাবি জানান। তাঁদের মতে, নৈতিক জায়গা থেকে তাঁর পদত্যাগ করা উচিত।



নেপালের স্বরাষ্ট্রমন্ত্রী রমেশ লেখক

নেপালে গত বৃহস্পতিবার মধ্যরাত থেকে সামাজিক যোগাযোগমাধ্যম ও মেসেজিং অ্যাপ বন্ধে রাখার সিদ্ধান্তটি কার্যকর হয়। এর পর থেকে জনগণের মধ্যে সরকারবিরোধী ক্ষোভ দানা বাঁধতে থাকে।

গতকাল রোববার কিছু সাংবাদিক আনুষ্ঠানিকভাবে সরকারের সিদ্ধান্তের প্রতিবাদ জানান। তাঁরা মতপ্রকাশের স্বাধীনতায় সরকারের হস্তক্ষেপের সমালোচনা করেন।

এ পরিস্থিতিতে আজ সকাল ৯টা থেকে 'হামি নেপাল' নামের একটি সংগঠন রাজধানী কাঠমান্ডুসহ নেপালজুড়ে বিক্ষোভের ডাক দেয়। বিক্ষোভে অংশগ্রহণকারীদের অধিকাংশই তরুণ। অনেকের বয়স ৩০-এর কম, যাঁরা জেন-জি নামে পরিচিত। ১৯৯৭ থেকে ২০১২ সালের মধ্যে যাঁদের জন্ম, তাঁদের জেনারেশন জেড বা জেন-জি বলা হয়।

বিক্ষোভকারীরা সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন অ্যাপ বন্ধের সিদ্ধান্তের প্রতিবাদের পাশাপাশি সরকারের দুর্নীতির সমালোচনা করেন। তাঁরা সরকারের জবাবদিহি ও সংস্কারের দাবি জানান।



কাঠমান্ডুতে তরুণ প্রজন্মের প্রতিবাদকারীদের সঙ্গে নিরাপত্তাবাহিনীর সদস্যদের সংঘর্ষ হয়।

যুক্তরাষ্ট্রে প্রতিরক্ষা দপ্তরের নামকরণ হলো

প্রথম পৃষ্ঠার পর প্রতিরক্ষা দপ্তরকে এখন থেকে সরকারি যোগাযোগ, অনুষ্ঠানিক কার্যক্রম ও নথিপত্রে "সেক্রেটারি অব ওয়ার", "ডিপার্টমেন্ট অব ওয়ার" বা "ডেপুটি সেক্রেটারি অব ওয়ার" শিরোনাম ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে। ঘোষণার পরপরই পরিবর্তন কার্যকর হয় প্রতিরক্ষা দপ্তরের ওয়েবসাইট defense.gov বদলে হয়েছে war.gov, আর শিরোনামে "U.S. Department of War" লেখা যুক্ত করা হয়েছে। সংক্ষিপ্ত রূপ DOD এর জায়গায় ব্যবহার শুরু হয়েছে DOW।

প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ ট্রাম্পের পাশে দাঁড়িয়ে বলেন, "এটি শুধু নাম বদল নয়, এটি পুনঃস্থাপন। এখন আমরা শুধু প্রতিরক্ষায় সীমাবদ্ধ থাকব না, আক্রমণেও এগিয়ে যাব। আমরা শুধু রক্ষক নই, যোদ্ধাও গড়ে তুলব।"

আদেশ অনুযায়ী, সব নির্বাহী বিভাগ ও সংস্থা এখন থেকে এই নতুন শিরোনামগুলোকে মেনে চলবে। হেগসেথকে আরও নির্দেশ দেওয়া হয়েছে স্থায়ীভাবে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নাম পরিবর্তনের জন্য আইনগত ও নির্বাহী পদক্ষেপের সুপারিশ করতে। যদিও স্থায়ীভাবে নাম বদলাতে কংগ্রেসের অনুমোদন প্রয়োজন হতে পারে, ট্রাম্প বলেন, "আমি নিশ্চিত নই, তবে আমরা দেখে নেব।"

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তরের ইতিহাসে নাম পরিবর্তন নতুন কিছু নয়। দেশের প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটনের সময় এটিকে বলা হতো ডিপার্টমেন্ট অব ওয়ার। পরে ১৯৪৯ সালে প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যান সেনাবাহিনীর বৃহৎ পুনর্গঠনের অংশ হিসেবে নাম বদলে ডিপার্টমেন্ট অব ডিফেন্স করেন।

বর্তমান নাম ফেরত প্রচেষ্টা হেগসেথের সাম্প্রতিক উদ্যোগগুলোর ধারাবাহিকতা। এর আগে তিনি বাইডেন আমলে কনফেডারেট যুগের নাম পরিবর্তনের সিদ্ধান্ত উল্টে ফোর্ট ব্রাগ ও ফোর্ট হুডের পুরোনো নাম ফিরিয়ে এনেছিলেন। গত জুনে তিনি সমকামী অধিকারকর্মী ও নৌবাহিনীর সাবেক কর্মকর্তা হার্ভি মিল্কের নামে রাখা একটি জাহাজের নামও পরিবর্তনের নির্দেশ দেন।

অক্টোবরে যুক্তরাষ্ট্রে এনআইডি সেবা শুরু

প্রথম পৃষ্ঠার পর দূতাবাসের মাধ্যমে প্রবাসীদের এনআইডি বিতরণ কার্যক্রম জন্য যুক্তরাষ্ট্রে সফরে যাচ্ছেন নির্বাচন কমিশনের কর্মকর্তারা। সেখানে তারা ৪টি স্টেটে দূতাবাস ও কনস্যুলেটে কর্মরতদের কার্ড সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ দেবেন। প্রশিক্ষণ শেষে ১লা অক্টোবর থেকেই প্রবাসীরা এনআইডির সেবা নিউ ইয়র্ক থেকে গ্রহণ করতে পারবেন বলে জানিয়েছেন কনসাল জেনারেল মোহাম্মাদ মোজাম্মেল হক। বুধবার এ তথ্য নিশ্চিত করেন তিনি জানান- নির্বাচন কমিশনের একটি টেকনিক্যাল টিম ১৪ থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত যুক্তরাষ্ট্রে অবস্থান করবেন। নিউ ইয়র্কসহ ওয়াশিংটন ডিসি, মিয়ামি ও লস অ্যাঞ্জেলেসে ভোটার নিবন্ধন, জাতীয় পরিচয়পত্র প্রদান এবং ভোটদানের প্রক্রিয়া নিয়ে প্রবাসীদের সাথে মতবিনিময় সভায় বিস্তারিত তুলে ধরা হবে।

এদিকে যুক্তরাষ্ট্রের প্রবাসীদের মধ্যে এনআইডি বিতরণ ইতিবাচক পদক্ষেপ হিসেবে দেখলেও নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত রোডম্যাপ অনুযায়ী ফেব্রুয়ারির মধ্যে সব প্রবাসীরা ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন কিনা তা নিয়েও রয়েছে শঙ্কা। এছাড়াও ব্যালেট পেপার আর ভোট দেয়ার পদ্ধতি নিয়েও কমিউনিটিতে রয়েছে ব্যাপক আলোচনা -সমালোচনা।

নিউ জার্সির বাসিন্দা বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্ব আমির উদ্দিন জানান, এনআইডি বিতরণ কার্যক্রম শুরু হওয়ার সংবাদ অবশ্যই ইতিবাচক। তবে আগামী ফেব্রুয়ারি পূর্বে সবাইকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা সম্ভব কিনা সেই প্রশ্ন রয়েছে তার।

বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি ব্যক্তিত্ব তোফায়েল চৌধুরী লিটন বলেন, প্রবাসীরা 'রেমিট্যান্স যোদ্ধা' হিসেবে স্বীকৃত। স্বাধীনতার পর থেকে শুরু করে দেশ গড়ায় প্রবাসী বাংলাদেশীদের অবদান কম নয়। তাদের ভোটাধিকারের দাবি এখনই উপযুক্ত সময় ।

নির্বাচন কমিশনের তথ্যানুসারে প্রবাসীদের ভোটাধিকার দেওয়ার লক্ষ্যে তাদের নিবন্ধন কার্যক্রম চলবে ৩০ নভেম্বর পর্যন্ত। ১-৫ ডিসেম্বর ভোটার তালিকা চূড়ান্ত মুদ্রণ হবে। আগামী ৫ জানুয়ারি পর্যন্ত প্রবাসীদের কাছে ব্যালট পাঠানো হবে। যেখানে নিবন্ধনকৃত রাজনৈতিক দলের প্রতীক থাকবে, নির্বাচনের এক সপ্তাহ আগে তারা ভোট দিয়ে দেশে ব্যালট পেপার ফেরত পাঠাবেন।

উল্লেখ্য, নির্বাচন কমিশনের তথ্য মতে প্রবাসী বাংলাদেশিদের ভোটার হিসেবে নিবন্ধিত হতে বাংলাদেশি জন্মনিবন্ধন সনদের কপি (অনলাইন ভেরিফায়েড), পাসপোর্ট সাইজের এক কপি রঙিন ছবি, আবেদনকারীর বাবা-মায়ের এনআইডির কপি/অনলাইন জন্মনিবন্ধন সনদের কপি/ বাংলাদেশি মৃত্যুসনদের কপি (মৃত হলে)/ পাসপোর্টের কপি/দ্বৈত নাগরিকত্ব সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)সহ প্রায় ১১ ধরনের দলিল প্রয়োজন হবে। তবে সব দলিল সবার ক্ষেত্রে প্রযোজ্য হবে না বলেও জানানো হয়েছে ।

জর্জিয়া-নিউইয়র্কে কারখানায় অভিযানে ৫শতাধিক অভিবাসী গ্রেপ্তার

২-এর পৃষ্ঠায় পর নিউইয়র্ক অঙ্গরাজ্যের কেটো ও ফুলটনে আইসিইর আরেক অভিযানে অন্তত ৭০ জনকে আটক করা হয়। এর মধ্যে অনেকেই ছোট শিশুদের বাবা-মা। গভর্নর ক্যাথি হকুল এই অভিযানকে অমানবিক বলে নিন্দা জানিয়েছেন।

হকুল বলেন, "নিউইয়র্ক ফেডারেল সরকারের সঙ্গে সীমান্ত সুরক্ষা ও অপরাধীদের ফেরত পাঠাতে কাজ করবে, কিন্তু পরিবার ভেঙে দেওয়া বা শিশুদের ঘরে একা ফেলে রাখা কখনোই মেনে নেওয়া হবে না।"

কেটোর নিউট্রিশন বার কনফেকশনার্স কারখানার মালিক দাবি করেছেন, তার সব কর্মীর বৈধ কাগজপত্র ছিল। তিনি অভিযানের ধরণকে "অতিরিক্ত ও অমানবিক" বলেছেন।

আইস'র পক্ষ থেকে জানানো হয়েছে, এটি আদালত অনুমোদিত তদন্তের অংশ। তবে তারা জোর দিয়ে বলছে, কর্মীদের অধিকার রক্ষা ও আইন প্রয়োগে তারা প্রতিশ্রুতিবদ্ধ।

ফেডারেল এজেন্টদের এই অভিবাসন অভিযানকে ঘিরে এখন তীব্র সমালোচনা ও উদ্বেগ দেখা দিয়েছে, একদিকে যুক্তরাষ্ট্রে আইন প্রয়োগের কঠোরতা, অন্যদিকে হাজারো অভিবাসী পরিবারে অনিশ্চয়তা আর আতঙ্ক।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন ব্যাপক অভিবাসন অভিযান চালাচ্ছে, যার লক্ষ্য গণ-নির্বাসন। এর অংশ হিসেবে আইসিই খামার, নির্মাণসাইট, রেস্তোরাঁ থেকে শুরু করে গাড়ি মেরামতের দোকান পর্যন্ত হানা দিয়েছে।

শুক্রবার জর্জিয়া ডেমোক্রেটিক পার্টি এই অভিযানের তীব্র সমালোচনা করেছে। দলটির চেয়ারম্যান চার্লি বেইলি বলেন, "এই অভিযানের মূল উদ্দেশ্য রাজনৈতিকভাবে ভীতি সৃষ্টি করা, যারা কঠোর পরিশ্রম করে জীবিকা নির্বাহ করেন, অর্থনীতিকে সচল রাখেন এবং জর্জিয়ার সমাজে অবদান রাখছেন, তাদের আতঙ্কিত করাই এর লক্ষ্য।"

অন্যদিকে, গভর্নর ব্রায়ান কেম্পসহ জর্জিয়ার রিপাবলিকান নেতারা শুক্রবার এক বিবৃতিতে জানান, রাজ্যের সব নিয়োগকর্তাকেই আইন মেনে চলতে হবে।

এনওয়াইপিডিতে প্রথম ২ বাংলাদেশির সর্বোচ্চ পদোন্নতি

শেষ পৃষ্ঠায় পর আবদুল্লাহ ও কারাম চৌধুরী। সম্প্রতি বাংলাদেশি-আমেরিকান খন্দকার আবদুল্লাহ প্রথম বাংলাদেশি বোরো ইনস্পেক্টর পদে এবং কারাম চৌধুরী ডেপুটি ইন্সপেক্টর পদে নিউইয়র্ক পুলিশে পদোন্নতি পেয়েছেন।

আগামী সোমবার থেকে ব্রুকলিন নর্থ পেট্রোল বরোতে ইনস্পেক্টর হিসেবে যোগ দিচ্ছেন খন্দকার আব্দুল্লাহ। এই পদোন্নতির মধ্য দিয়ে তিনি হয়ে উঠলেন এনওয়াইপিডিতে প্রথম বাংলাদেশি-আমেরিকান যিনি এত গুরুত্বপূর্ণ ও মর্যাদাপূর্ণ দায়িত্বভার গ্রহণ করলেন।

২০০৫ সালে এনওয়াইপিডিতে যোগ দেন খন্দকার আব্দুল্লাহ। ২০০৭ সালে পুলিশ অফিসার হিসেবে শপথ গ্রহণ করেন।

১৯৯৩ সালে খন্দকার আব্দুল্লাহ যুক্তরাষ্ট্রে আসেন পিতা-মাতার সাথে। সিলেটের বালাগঞ্জ থানার তালতলা গ্রামের প্রয়াত খন্দকার মদব্বির আলী ও মুহিবুন্নেসা চৌধুরীর ছেলে খন্দকার আবদুল্লাহ।

ইনস্পেক্টর আবদুল্লাহ এর আগে দুইটি সহিংসতা-প্রবণ থানার কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর দক্ষতা ও দৃঢ় নেতৃত্বে উভয় এলাকায় অপরাধের হার ক্রমাগত হ্রাস পেয়েছে।

এদিকে নিউইয়র্ক পুলিশ বিভাগে ডেপুটি ইন্সপেক্টর হিসাবে পদোন্নতি লাভ করেছেন বাংলাদেশি বংশোদ্ভূত কারাম চৌধুরী। আগামী ৯ সেপ্টেম্বর মঙ্গলবার সিটির পুলিশ প্লাজায় পুলিশ আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে তার হাতে পদোন্নতির সনদ তুলে দেবেন পুলিশ কমিশনার জেসিকা টিশ। কারাম চৌধুরী বর্তমানে নিউইয়র্ক পুলিশের ১০৪ প্রিসিঙ্কটের কমান্ডিং অফিসার।

এর আগে ২০১৯ সালের ৩০ অক্টোবর ক্যাপ্টেন হিসাবে পদোন্নতি লাভ করেন তিনি। কারাম চৌধুরী বৃহত্তর সিলেটের মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার টিলাগাঁওয়ের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। ২০০৫ সালে তিনি নিউইয়র্ক পুলিশ বিভাগে যোগদার করেন।

সাহসী এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য ইতিমধ্যে নিউইয়র্ক সিটি প্রশাসন ও পুলিশ বিভাগে বেশ প্রশংসিত বাংলাদেশি-আমেরিকান অফিসাররা। গত ২৮ জুলাই বাংলাদেশি বংশোদ্ভূত দিদারুল ইসলাম দায়িত্ব পালন করতে গিয়ে অস্ত্রধারীর গু.লি.তে নিহত হন। তাঁর এই আত্মত্যাগে পুরো নিউইয়র্ক পুলিশ বিভাগ শ্রদ্ধা ও সম্মানের সাথে শেষ বিদায় জানায় এবং তাঁকে মরোণোত্তর প্রথম গ্রেডের ডিটেকটিভ অফিসার পদোন্নতি দেয়।

প্রেসিডেন্ট ট্রাম্পকে চ্যালেঞ্জ ছুঁড়লেন মামদানী

প্রথম পৃষ্ঠার পর হস্তক্ষেপ, ন্যাশনাল গার্ড মোতায়েন এবং কঠোর অভিবাসন অভিযান আসলে শহরকে নিরাপদ করার বদলে আরও বিভক্ত করছে। "তিনি ভয় দেখিয়ে রাজনীতি করেন, অথচ আমরা সংগঠন, সংহতি আর আশার শক্তিতে বিশ্বাস করি," মন্তব্য করেন মামদানি।

তিনি আরও বলেন, "আমি নিউইয়র্কবাসীর সামনে খোলা আলোচনায় প্রস্তুত যেখানে তার 'ডিপার্টমেন্ট অব ওয়ার' আর নির্বাসন-ভিত্তিক রাজনীতি নিয়ে প্রশ্ন করা হবে। আমরা চাই, মানুষ শুনুক– কান শহর চাই আমরা: ভয় ও দমনপীড়নের শহর, নাকি ন্যায়বিচার ও নিরাপত্তার শহর।"

সম্ভাব্য ন্যাশনাল গার্ড হস্তক্ষেপ থেকে শহরকে কিভাবে সুরক্ষিত করা হবে এমন প্রশ্নে মামদানী বলেন, "আমরা যদি নিজেদেরকে শুধু সান্ত্বনা দিই যে এটি ঘটবে না, তবে আমরা বিপদে পড়ব। আমাদের স্বীকার করতে হবে– টি ঘটতে চলেছে, আর সে কারণেই আমাদের সংগঠিত হতে হবে।"

"শিকাগো বুঝবে কেন ডিপার্টমেন্ট অব ওয়ার বলা হয়"

প্রথম পৃষ্ঠার পর গভর্নর জেবি প্রিটজকার এই পোস্টকে ঘিরে তীব্র প্রতিক্রিয়া দিয়েছেন। তিনি ট্রাম্পকে 'স্বঘোষিত একনায়ক' নিজের সোশ্যাল মিডিয়ায় লেখেন, "তিনি আমেরিকান শহরের বিরুদ্ধে যুদ্ধের হুমকি দিচ্ছেন। এটা রসিকতা নয়, এটা স্বাভাবিকও নয়। ডোনাল্ড ট্রাম্প শক্তিশালী নন, তিনি ভীত।"

তবে রোববার প্রেসিডেন্ট ট্রাম্পকে হোয়াইট হাউসে এ পোস্টের বিষয়ে সাংবাদিকরা প্রশ্ন করলে, "এটা কোন যুদ্ধ নয় এটি স্বাভাবিক প্রক্রিয়া।"

ইতিমধ্যেই স্থানীয় প্রশাসন আইনি লড়াইয়ের প্রস্তুতি নিচ্ছেন বলে জানায় এপি নিউজ। প্রতিবেদনে বলা হয়, প্রেসিডেন্টের এই হুমকি ইলিনয়েস স্টেট প্রশাসন ও ট্রাম্প প্রশাসনের মধ্যে টান টান উত্তেজনা বিরাজ করছে এবং রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, এটি শহরের অভিবাসী ও ল্যাটিনো সম্প্রদায়ের মধ্যে ভীতি ও অসন্তোষ আরও তীব্র করবে।

এর আগে শুক্রবার প্রেসিডেন্ট ট্রাম্প প্রতিরক্ষা দপ্তরের নাম বদলে "ডিপার্টমেন্ট অব ওয়ার" করার নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন, যদিও কংগ্রেসের অনুমোদন ছাড়া এটি কার্যকর হবে না। সামাজিক ও রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, নোবেল শান্তি পুরস্কারের দাবিতে প্রচারের কয়েক মাস পরে এই পদক্ষেপ ট্রাম্পের "স্বৈরতান্ত্রিক প্রবণতা" স্পষ্ট করছে।

এপি নিউজ প্রতিবেদনে জানিয়েছে, 'শিকাগোকে লক্ষ্য করে ট্রাম্পের বার্তা নতুন নয়। তিনি ইতোমধ্যেই লস অ্যাঞ্জেলেসে সেনা মোতায়েন করেছেন এবং রাজধানী ওয়াশিংটনে পুলিশকে ফেডারেলাইজড করেছেন। এছাড়া তিনি বাল্টিমোর, নিউ অরলিন্স এবং পোর্টল্যান্ডেও সম্ভাব্য অভিযান চালানোর হুমকি দিয়েছেন।'

ট্রাম্প নিজেও ইঙ্গিত দিয়েছেন, ন্যাশনাল গার্ড মোতায়েনের ক্ষেত্রে তার প্রায় সীমাহীন ক্ষমতা রয়েছে। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, "আমি একনায়ক নই, তবে যদি মনে করি আমাদের দেশ বিপদে আছে, আমি যা চাই তা করার অধিকার রাখি।"

শিকাগো অভিযান সংক্রান্ত বিস্তারিত এখনো অজানা, গত সপ্তাহে ধারণা করা হচ্ছিলো ৫ সেপ্টেম্বর থেকে বিশাল আকারে অবৈধ অভিবাসী বিতাড়নে অভিযান শুরু করবে আইস।

প্রতিষ্ঠাবার্ষিকীতে নিউজার্সি বিএনপির প্রমোদতরী ভ্রমণ

নিউজার্সী: বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি নিউজার্সি ষ্টেট (নর্থ) ইউএসএ'র বর্ণাঢ্য আয়োজনে ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রমোদতরীতে আনন্দ ভ্রমণ সম্পন্ন হয়েছে।

গত ৬ সেপ্টেম্বর চার শতাধিক নেতাকর্মীকে নিয়ে জাহাজে আনন্দ ভ্রমণের মধ্যে দিয়ে দিনটি উদযাপন করেছে নিউজার্সি ষ্টেট (নর্থ)বিএনপি পরিবার।

নিউজার্সি বিএনপির সভাপতি সৈয়দ জুবায়ের আলীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হোসেন পাঠান বাচ্ছুর পরিচালনায় আলোচনা পর্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ থেকে আগত বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্ঠা খন্দকার আব্দুল মুক্তাদির, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপি কেন্দ্রীয় নিরবাহী কিমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু, নিউজার্সি ষ্টেট বিএনপি প্রধান উপদেষ্টা আলাউর খন্দকার, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা জসিম ভুঁইয়া, প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন কমিটির আহবায়ক আবুল কালাম আজাদ খান। সঞ্চালনায় সহযোগিতা করেন, নিউজার্সি বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ মহসিন সেলিম, সাংঠনিক সম্পাদক জয়নুল হক।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নিউইয়র্ক ষ্টেট বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, নিউইয়র্ক মহানগর উত্তর বিএনপি সাধারণ সম্পাদক ফয়েজ আহমদ, বিএনপি নেতা শরীফ লস্কর, মজনু আহমেদ, হারুন আহমেদ , আব্দুল আহাদ, মিজানুর রহমান মিজান প্রমুখ। দিনব্যাপী অনুষ্ঠানে ছিল মধ্যাহ্নভোজ, আকর্ষণীয় র‍্যাফল ড্র, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। সংগীত পরিবেশন করেন বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী আলম আরা মিনু, রোজি আজাদ, চন্দ্রা রায়, ফোক শিল্পি শিমুল খান, প্রমী তাজ, ক্লোজ আপ তারকা রাজিব, মুমিত হাসান, হাসান মাহমুদ প্রমুখ।

এবারের প্রতিষ্ঠা বার্ষিকী আহবায়ক ছিলেন আবুল কালাম আজাদ খান, সদস্য সচিব ছিলেন আমির উদ্দিন, যুগ্ম আহবায়ক ছিলেন মোহাম্মদ মহসিন সেলিম ও খসরু পারভেজ, প্রধান সমন্বয়ক ছিলেন এনাম চৌধুরী, সমন্বয়কের দায়িত্বে ছিলেন সৈয়দ খালিদ আলী, মাছুম চৌধুরী। সার্বিক তত্বাবধানে ছিলেন উপদেষ্টা পরিষদ। -- প্রেস বিজ্ঞপ্তি







ভোটের প্রচারে থাকবে না পোস্টার, বিলবোর্ড সীমিত

রেক্সিন, পলিথিন, প্লাস্টিক, পিভিসি বা পরিবেশের জন্য ক্ষতিকর অন্য কোনো উপাদানে তৈরি লিফলেট, হ্যান্ডবিল, ফেস্টুন বা ব্যানার করা যাবে না। একই সঙ্গে প্রচারে বিলবোর্ডের ব্যবহার সীমিত থাকবে। একজন প্রার্থী এক সংসদীয় আসনে ২০টির বেশি বিলবোর্ড ব্যবহার করতে পারবেন না। রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালায় এসব কথা বলা হয়েছে। নির্বাচন কমিশন (ইসি) এই বিধিমালা চূড়ান্ত করেছে।

গত মঙ্গলবার গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) সংশোধনী প্রস্তাবের পাশাপাশি রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা-২০২৫ আইন মন্ত্রণালয়ে পাঠিয়েছে নির্বাচন কমিশন। তবে আরপিওর মতো আচরণ বিধিমালা চূড়ান্ত অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদের বৈঠকে উত্থাপন করার প্রয়োজন নেই। আইন অনুযায়ী মন্ত্রণালয়ের ভেটিং হয়ে গেলে ইসি গেজেট আকারে জারি করতে পারবে।

ভোটের প্রচারে পোস্টারের ব্যবহার নিষিদ্ধ করে প্রণীত রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালার খসড়ায় দল ও সংশ্লিষ্টদের মতামত চেয়েছিল ইসি। অন্তত সাদাকালো পোস্টারে প্রচারের সুযোগ রাখার সুপারিশ করেছিল অনেকগুলো দল। সেই সুপারিশও আমলে নেয়নি ইসি। পাশাপাশি পরিবেশবান্ধব প্রচারণা নিশ্চিত করার লক্ষ্যে রেক্সিন, পলিথিন, প্লাস্টিক, পিভিসি বা পরিবেশের জন্য ক্ষতিকর উপাদান ব্যবহারে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

এ বিষয়ে নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেছেন, ভোটের প্রচারে পোস্টার ব্যবহার বন্ধের জন্য নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের প্রস্তাব ছিল। এতে ইসি একমত হয়েছে। এ ছাড়া তিনি বলেন, 'প্রচারে বিলবোর্ডের ব্যবহার অতীতে ছিল না। এবার যুক্ত করা হয়েছে। তবে এটার ব্যবহার সীমিত করে দিতে চেয়েছি আমরা। এদিকে ব্যানার ও ফেস্টুনের ব্যবহার নতুনভাবে সংজ্ঞায়িত করা হয়েছে।'



নতুন আচরণ বিধিমালা অনুযায়ী বিলবোর্ডে প্রচারণার অংশের আয়তন অনধিক ১৬/৯ ফুট হবে। এ ছাড়া বিলবোর্ড স্থাপনের মাধ্যমে জনসাধারণ বা যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যাবে না এবং পরিবেশ বা নিরাপত্তা বিঘ্নিত করে এমনভাবে বিলবোর্ড স্থাপন করা যাবে না।

এমন প্রস্তাব করার পেছনে ইসির যুক্তি বিলবোর্ড তৈরিতে বেশি টাকা ব্যয় হয়। একজন প্রার্থী অসংখ্য বিলবোর্ড ব্যবহার করলে তার নির্বাচনী ব্যয়সীমা অতিক্রম করতে পারে। এ ছাড়া বিলবোর্ডের কারণে প্রার্থীদের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি হওয়াসহ পরিবেশ নষ্ট হতে পারে।

নির্বাচনী প্রচারে একজন প্রার্থী ২০টির বেশি বিলবোর্ড ব্যবহার করতে পারবেন না এমন বিষয় আচরণ বিধিমালায় যুক্ত করা হয়েছে কিনা জানতে চাইলে ইসির জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ বলেন, 'এমন একটি বিষয় নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালায় আছে।'

এদিকে আরপিওর সংশোধনী প্রস্তাবে বিলবোর্ড বিষয়ে ইসি বলেছে, শুধু ডিজিটাল বিলবোর্ডে আলোর ব্যবহার করা যাবে। বিদ্যুৎ ব্যবহার করা যাবে। তবে আলোকসজ্জার ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

গত ২৯ জুন রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালার খসড়া প্রণয়ন করে নির্বাচন কমিশন। পরে এ বিষয়ে নাগরিকদের মতামত জানাতে ১০ জুলাই পর্যন্ত সময় বেঁধে দেয় তারা। নির্দিষ্ট সময়ের মধ্যে বিএনপিসহ ৭টি দল এবং বিভিন্ন ব্যক্তি মতামত দেন। ১১ আগস্ট ইসির সভায় আচরণ বিধিমালার খসড়া চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। এতে নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন ও জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশকেও আমলে নেওয়া হয়।

ইসি বলছে, এই আচরণবিধি মেনে চলার ব্যাপারে আগে প্রার্থীদের কাছ থেকে অঙ্গীকার নেওয়া হতো। এবার দলের কাছ থেকেও অঙ্গীকারনামা নেবে ইসি। আচরণবিধি লঙ্ঘন করে গুরুতর অপরাধের ক্ষেত্রে আরপিওতে প্রার্থিতা বাতিলের বিধান রয়েছে। আগে আচরণবিধিতে আরপিওর অনুচ্ছেদটি ছিল না। এটা এবার যুক্ত করা হয়েছে।

আরও যত বিধান

আচরণ বিধিমালায় প্রচারণার সময় রাখা হয়েছে তিন সপ্তাহ। সব প্রার্থীর একমঞ্চে প্রচারণার বিষয়টি রয়েছে। এ ক্ষেত্রে রিটার্নিং কর্মকর্তারা সংশ্লিষ্ট আসনের সব প্রার্থীকে নিয়ে একটি প্ল্যাটফর্ম থেকে এক দিনে তাদের ইশতেহার বা ঘোষণাপত্রগুলো পাঠ করার ব্যবস্থা করবেন।

গণমাধ্যমে নির্বাচনী সংলাপে অংশ নিতে পারবেন প্রার্থী ও তার প্রতিনিধিরা। তবে কাউকে ব্যক্তিগত আক্রমণ করে কোনো বক্তব্য দেওয়া যাবে না।

এতে সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির (ভিভিআইপি) তালিকায় উপদেষ্টা পরিষদের সদস্যদেরও যোগ করা হয়েছে। ফলে প্রধানমন্ত্রী, মন্ত্রী, স্পিকার, বিরোধীদলীয় নেতা, উপমন্ত্রী, সংসদ সদস্য, মেয়রসহ সাংবিধানিক পদে থাকা ব্যক্তির পাশাপাশি তত্ত্বাবধায়ক বা অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা, উপদেষ্টা বা সমপর্যায়ের কর্মকর্তাদের সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে। ফলে তারা প্রার্থীর হয়ে প্রচারে নামতে পারবেন না। তাদের জন্য বিভিন্ন সরকারি সুবিধা, যেমন সার্কিট হাউস, ডাকবাংলো ও রেস্ট হাউস ব্যবহারে কিছু বিধিনিষেধ দেওয়া হয়েছে। এ ছাড়া প্রার্থীরা কোনো প্রতিষ্ঠান, সংগঠন বা সমিতি থেকে সংবর্ধনা নিতে পারবেন না।

প্রচার ও ভোট গ্রহণের সময় ড্রোন, কোয়াডকপ্টার বা এ জাতীয় যন্ত্র ব্যবহারের ওপরও নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। দলের সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের ব্যক্তিরা নির্বাচনী প্রচারে হেলিকপ্টার ব্যবহার করতে পারবেন। তবে হেলিকপ্টার থেকে কোনো লিফলেট, ব্যানার বা প্রচারসামগ্রী বিতরণ বা ঝোলানো যাবে না। এর আগে কেবল দলীয় প্রধান বা সমপর্যায়ের নেতাদেরই হেলিকপ্টার ব্যবহারের অনুমতি ছিল।

কোনো প্রার্থী বা তাঁর সমর্থকরা কোনো ভোটকেন্দ্রের ১৮০ মিটারের মধ্যে ভোটার স্লিপ বিতরণ করতে পারবেন না। ভোটার স্লিপের আয়তন ১২ সেন্টিমিটার গুণন ৮ সেন্টিমিটারের বেশি হতে পারবে না। টিশার্ট, জ্যাকেট ইত্যাদির ব্যাপারে অতীতে বিধিনিষেধ ছিল, এবার একটু শিথিল মনোভাব দেখানো হয়েছে। মাইকে প্রচারের সময় শব্দের মাত্রা ৬০ ডেসিবেলে রাখতে হবে। প্রতিদিন বেলা ২টা থেকে রাত ৮টা পর্যন্ত মাইক ব্যবহার করার অনুমতি থাকবে। নির্বাচনী প্রচারসহ যে কোনো বিষয়ে সামাজিক মাধ্যম ও কৃত্রিম বুদ্ধিমত্তাকে (এআই) ব্যবহার করে কোনো ধরনের কনটেন্ট তৈরি ও প্রচার সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। বিশেষ করে প্রতিপক্ষ, নারী, সংখ্যালঘু বা অন্য কোনো গোষ্ঠীকে লক্ষ্য করে ঘৃণ্য, ব্যক্তিগত আক্রমণ বা উস্কানিমূলক ভাষা ব্যবহার করা যাবে না। এগুলো করা হলে কেবল প্রার্থী ও রাজনৈতিক দল নয়, গণমাধ্যমও শাস্তির মুখে পড়বে। প্রার্থী বা তার এজেন্ট বা দলের সামাজিক মাধ্যমের নাম, অ্যাকাউন্ট আইডি, ই-মেইল আইডি এবং অন্যান্য পরিচয়-সংক্রান্ত তথ্য প্রচার শুরুর আগে সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তার কাছে জমা দিতে হবে। এ ছাড়া সামাজিক মাধ্যমে প্রচারের ব্যাপারে বিদেশি বিনিয়োগ আনা যাবে না।

প্রার্থিতা চূড়ান্ত হওয়ার পর শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে সভাপতি বা সদস্য পদে থাকলে পদত্যাগ করতে হবে। আচরণ বিধিমালা লঙ্ঘনের ঘটনায় প্রার্থিতা বাতিলের বিধান যুক্ত করা হয়েছে। জরিমানার পরিমাণ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে দেড় লাখ টাকা নির্ধারণ করা হয়েছে। সেসঙ্গে আগের বিধান অনুযায়ী ছয় মাস পর্যন্ত কারাদণ্ডের বিধান অপরিবর্তিত রাখা হয়েছে। এ ছাড়া নারীদের লক্ষ্য করে সাইবার বুলিং রোধ করা এবং বিদেশে কোনো প্রার্থীর পক্ষে সশরীরে প্রচারণা না চালানোর বিধানও করা হয়েছে।

বরমচাল এসোসিয়েশনের বনভোজন অনুষ্ঠিত





শেষ পৃষ্ঠায় পর কর্মকর্তা ও উপদেষ্টাদের সাথে নিয়ে বনভোজনের উদ্বোধন করেন সংগঠনের প্রধান উপদেষ্টা সিরাজ উদ্দিন আহমদ সেহাগ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রবীন রাজনীতিবিদ লুৎফুর রহমান চৌধুরী হেলাল এবং বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটি ইনক'র সমাজ কল্যাণ সম্পাদক জামিল আনসারী, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সাধারণ সম্পাদক সৈয়দ রুহুল আলী, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সাধারণ সম্পাদক সৈয়দ রুহুল আলী, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশনের সাবেক উপদেষ্টা মোহাম্মদ মুকিত চৌধুরী, সভাপতি সৈয়দ ইলিয়াছ খসরু ও সাধারণ সম্পাদক মঈনুর রহমান সুয়েব, প্রতিষ্ঠাকালীন প্রচার সম্পাদক জামাল উদ্দিন আহমদ লিটন, সাবেক সাধারণ সম্পাদক জাবেদ আহমদ, সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক কয়ছর রশিদ ও সাবেক সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম রেনু, ভাটেরা এসোসিয়েশনের উপদেষ্টা মৌলানা সাইফুল আলম সিদ্দিকী ও যুগ্ম সাধারণ সম্পাদক ফরহাদুল ইসলাম লিটু।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন অধ্যাপক আব্দুল বাছিত, ময়নুল হক তারেক, ইফজাল চৌধুরী, জগলুল চৌধুরী, আজাদ আলী শিপু প্রমুখ।

খেলাধূলা, খাওয়া দাওয়া ও আনন্দ আড্ডা শেষে রাফেল ড্র ও খেলাধূলায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভানেত্রী রেবেকা সুলতানা নিতা এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক আজমল হোসেন খান খয়রু ও মোঃ খায়রুল ইসলাম।

পুরো আয়োজনের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বরমচাল এসোসিয়েশনের কর্মকর্তা লুৎফুর রহমান ওয়াসিম, আকমল হোসেন রুমন, আশরাফ খান সুমন, রুহিন মিয়া, ইপা চৌধুরী, জাহানারা আহমদ লক্ষি, আয়েশা চৌধুরী, আবুল হাসান আবির, আলমগীর হোসেন, জাবের আহমেদ, ঝুমন হাসান, রুবেল মিয়া, তানুন খান ও সুজয় ধর। -প্রেস বিজ্ঞপ্তি।



















‘ফেব্রুয়ারীতেই সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের জোর দাবী’









শেষ পৃষ্ঠায় পর ঘোষিত আগামী ফেব্রুয়ারীতেই সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের জোর দাবী জানিয়েছেন। সভায় বক্তারা বলেন, কোন অবস্থাতেই নির্বাচন পিছানো যাবে না। নির্বাচন পিছালো দেশে রাজনৈতিক সঙ্কট দেখা দেবে, সৃষ্টি হবে অস্থিতিশীল পরিবেশের। যা কারো কাম্য নয়।

যুক্তরাষ্ট্র যুবদল ও ছাত্রদলের সাবেক নেতৃবৃন্দের আয়োজনে গত ১ সেপ্টেম্বর সোমবার দলের প্রতিষ্ঠাবার্ষিকীর দিন সন্ধ্যায় জ্যাকসন হাইটসের একটি পার্টি হলে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় যুবদলের সাবেক সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এম এ বাতেন।

সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি আবাদুল লতিফ সম্রাট এবং প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ। এছাড়াও বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা আলহাজ বাবার উদ্দিন। সভায় বিএনপি, যুবদল ও জাসাস নেতৃবৃন্দের মধ্যে সৈয়দ এম রেজা, এম বাসেত রহমান, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, ফারুক হোসেন মজুমদার, সোহরাব হোসেন, শেখ শাহজাহান, বিলাল চৌধুরী ও জাতীয়তাবাদী মহিলাদল নেত্রী সৈয়দা মাহমুদা শিরিন সহ অন্যান্যের মধ্যে দেলোয়ার হোসেন শিপন, জাকারিয়া অপু, মেহরাব রাজা, ফারহান হোসেন, অয়েয আহমেদ, সুমন খাঁ, শামীম আহমেদ, এম এ মজিদ, তারেক রহমান, এ মান্নান, সাদিক খান, সোলায়মান হোসেন, লিঘান চৌধুরী, রাজ খান প্রমুখ বক্তব্য রাখেন। যুক্তরাষ্ট্র ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম জনির সঞ্চালনায় সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন যুবদল নেতা ওয়েস আহমেদ।

সভায় আব্দুল লতিফ সম্রাট শহীদ জিয়ার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে স্বাধীনতার সংক্ষিপ্ত ইতিহাস তুলে ধরে বলেন, আমরা সৌভাগ্যবান যে আমরা জিয়ার রাজনৈতিক আদর্শের উত্তরসূরী। দেশের স্বাধীনতা আর দেশ গড়ায় জিয়া পরিবারের ত্যাগ অনস্বীকার্য। জিয়া ছিলেন দেশের সকল দূর্যোগের ত্রাতা কর্তা। তিনি বলেন, দেশের নির্বাচন নিয়ে নানা ষড়যন্ত্র চলছে, পিআর পদ্ধতির আর সংস্কারের নামে নির্বাচন বানচালের চেষ্টা চলছে। তিনি বলেন, বিএনপিকে সংস্কার শেখাতে হবে না।

গিয়াস আহমেদ বলেন, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ থেকে শুরু করে যেখানে শেখ মুজিব আর আওয়ামী লীগের ব্যর্থতা, সেখান থেকেই দেশ-জাতির জন্য শহীদ জিয়া আর বিএনপির সফলতা শুরু। তিনি বলেন, বিএনপি বা বেগম খালেদা কখনো পিছনের দরজা দিয়ে রাষ্ট্র ক্ষমতায় যেতে চায়নি, অন্যথায় আওয়ামী লীগ বা শেখ হাসিনা জামায়াত আর ১/১১ সরকারের সাথে আতাত কওে ক্ষমতায় গিয়েছে। তিনি বলেন, জামায়াতে ইসলামীর দু'মুখো নীতি আর আওয়ামী লীগ সুষ্ঠু নির্বাচন না দেয়ার কারনেই বিএনপি ক্ষমতায় যেতে পারেনি। জামায়াতের রাজনীতি ছদ্মবেশী রাজনীতি। তিনি বলেন, পিআর পদ্ধতি ভারতীয় এজেন্টদের প্রস্তাব।

এম এ বাতেন যুক্তরাষ্ট্র বিএনপি, যুবদল ও ছাত্রদলের কমিটি দাবী করে বলেন, দীর্ঘদিন ধরে যুবদলের রাজনীতি করছি, সবার ভালোবাসা পেয়েছি। আগামী দিনে বড় দায়িত্ব পেলে দলীয় নেতা-কর্মীদের সেই ভালোবাসার ঋন একটু হলেও শোধ করতে চাই।

সভায় কোন কোন নেতার যুক্তরাষ্ট্র বিএনপি, যুবদল ও ছাত্রদলের কমিটি গঠনের দাবী প্রসঙ্গে কেন্দ্রীয় বিএনপি'র দুই নেতা কেন্দ্রের সাথে কথা বলার আশ্বাস দেন।





মামদানীতে দ্বিধান্বিত শীর্ষ ডেমোক্র্যাটরা: সুযোগ নিতে চান ট্রাম্প

প্রথম পৃষ্ঠার পর জোর গুঞ্জন চলছে ট্রাম্প প্রশাসনে তাঁকে গুরুত্বপূর্ণ পদ দেওয়ার প্রস্তাব রাখা হয়েছে। অ্যাডামস সরে দাঁড়ালে কুমো বড় সুবিধা পেতেন, কারণ দুজনের ভোটব্যাংক অনেকটা অভিন্ন।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পসহ বিভিন্ন মহলের প্রবল চাপ সত্ত্বেও নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস শুক্রবার বিকেলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন, তিনি মেয়র নির্বাচনী দৌড় থেকে সরে দাঁড়াচ্ছেন না।

অ্যাডামস সাংবাদিকদের সামনে বলেন, “আমি পরিষ্কার জানাতে চাই– অ্যান্ড্রু কুমো একজন মিথ্যাবাদী ও প্রতারক। আমি এই লড়াইয়ে আছি এবং মামদানিকে হারানোর মতো একমাত্র প্রার্থী আমিই।” সাবেক গভর্নর ও প্রতিদ্বন্দ্বী কুমোর বিরুদ্ধেই তিনি অভিযোগ তুলেছেন, তাঁকে প্রতিযোগিতা থেকে সরিয়ে দেওয়ার জন্য গোপনে ষড়যন্ত্র চালানো হচ্ছে।

এদিকে একাধিক সংবাদমাধ্যম জানিয়েছে, ট্রাম্পের ঘনিষ্ঠ উপদেষ্টারা অ্যাডামসকে দৌড় থেকে সরাতে প্রশাসনিক পদ প্রস্তাব করেছিলেন। হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট দপ্তরের দায়িত্ব কিংবা সৌদি আরবে রাষ্ট্রদূতের পদও আলোচনায় এসেছে বলে দাবি করা হয়েছে। এর মূল লক্ষ্য ছিল কুমোর পথ পরিষ্কার করা, যাতে তিনি সরাসরি জোহরান মামদানির মুখোমুখি হতে পারেন।

এই সপ্তাহে ফ্লোরিডায় হঠাৎ সফরে গিয়ে অ্যাডামস বৈঠক করেছেন ট্রাম্পের মধ্যপ্রাচ্য দূত স্টিভ উইটকফসহ কয়েকজন উপদেষ্টার সঙ্গে। তবে তাঁর প্রচার শিবিরের মুখপাত্র টড শাপিরো জানিয়েছেন, মেয়র মেয়াদের শেষ দিন পর্যন্ত দায়িত্বে থেকে লড়াই চালিয়ে যাবেন। এটি হোয়াইট হাউসের উদ্দেশ্যে একটি স্পষ্ট বার্তা হিসেবেই ধরা হচ্ছে।

ট্রাম্প প্রকাশ্যে জানিয়ে দিয়েছেন, তিনি চান মেয়র নির্বাচনের লড়াই সীমিত হয়ে দুই প্রার্থীর মধ্যে হোক এবং মামদানি যেন নেতৃত্বে না আসেন।

মামদানির ঘনিষ্ঠদের দাবি, রিপাবলিকান প্রেসিডেন্টের এই সরাসরি হস্তক্ষেপ আসলে নিউইয়র্কের মতো ডেমোক্র্যাট প্রধান শহরে মামদানীর প্রার্থিতাকে আরও শক্তিশালী করে তুলছে।

তবে নিউইয়র্কের অভিজাত কর্পোরেটরা মামদানীর ধনীদের ওপর কর বাড়ানোর ঘোষণায় কর্পোরেটরা তাঁকে ঠেকাতে বিকল্প হিসেবে কুওমোকে ফের প্রার্থী করেছেন। এ কারণে কিছু প্রভাবশালী দাতা ও রিপাবলিকান নেতারা ট্রাম্পের সঙ্গে যোগাযোগ করে কম ভোট পাওয়া প্রার্থীদের সরাতে চাইছেন। রিপাবলিকান কার্টিস স্লিওয়া অবশ্য সরে দাঁড়াতে অস্বীকৃতি জানিয়েছেন।

ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির কো-ডিরেক্টর জ্যাসমিন গ্রিপার বলেন, “ডোনাল্ড ট্রাম্প এবং রিপাবলিকানরা নিউইয়র্কের মেয়র ঠিক করতে চাইছে। এখন ডেমোক্র্যাট নেতাদের সিদ্ধান্ত নিতে হবে তারা কি ট্রাম্পকে তা করতে দেবেন, নাকি শ্রমজীবী নিউইয়র্কবাসীর প্রার্থীর পাশে দাঁড়াবেন।”


মামদানি জুন মাসের প্রাইমারিতে অপ্রত্যাশিতভাবে জয় পাওয়ার পর থেকেই ফ্রন্ট-রানার হিসেবে বিবেচিত হচ্ছেন। ভাড়া স্থগিত, বিনামূল্যে বাসযাত্রা ও শিশুসেবা এমন ব্যয় সংকটকেন্দ্রিক প্রতিশ্রুতি তাঁকে জনপ্রিয় করে তুলেছে। তবে প্রথমে পুলিশ ফান্ডিং কমানো ঘোষণা দিলেও পরবর্তীতে সেই ঘোষণা থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন মামদানী।

শীর্ষ নেতাদের অনেকেই এখনো প্রকাশ্যে সমর্থন দিতে চাননি। জেফরিস ইঙ্গিত দিয়েছেন শিগগিরই সিদ্ধান্ত জানাবেন। হোকুলও স্বীকার করেছেন, মামদানির সঙ্গে সিটির দিকনির্দেশনা নিয়ে তাঁর ‘খোলামেলা আলোচনা’ হয়েছে। তবুও বিলম্বে হতাশ মামদানির সহযোগীরা বলছেন, ডেমোক্র্যাটরা যদি নিজ প্রার্থীর পাশে না দাঁড়ান, তবে তা ট্রাম্পের হাতই শক্ত করবে।

সাবেক গভর্নর কুওমো পরিস্থিতিকে নিজের পক্ষে আনার চেষ্টা করছেন। তিনি দাবি করছেন, ট্রাম্প আসলে মামদানিকেই জিততে দেখতে চান।

তবে রাজনৈতিক পরামর্শকরা বলছেন, নিউইয়র্কের মতো সিটির ট্রাম্পের সঙ্গে ঘনিষ্ঠতার ভাবমূর্তি কুওমোর জন্যও ক্ষতিকর হতে পারে।

১৯৯৭ সালে মেয়র নির্বাচনে দলীয় মনোনীত প্রার্থী হলেও পার্টির সমর্থন পাননি বলে স্মরণ করেছেন সাবেক নেত্রী রুথ মেসিঞ্জার। তাঁর ভাষায়, “মানুষ পরিবর্তনকে ভয় পায়। আজও আমরা একই দৃশ্য দেখছি। এটি দুঃখজনক, কারণ ডেমোক্র্যাট শীর্ষ নেতৃত্ব যদি মামদানির পক্ষে না দাঁড়ায়, তাহলে তারা আসলে ট্রাম্পকেই সাহায্য করছে।”



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে ম, চৌধুরীর প্রশ্নঃ আমি একজন সিটিজেন। কিছুদিন হয় আমি সিটিজেনশীপ লাভ করেছি। আমার পরিবারের আমি এদেশে থাকি। পরিবার থেকে একা এদেশে এসে সবাইকে খুব মিস করি। আমি অবিবাহিত, দেশে আমার ভাই-বোনেরা আছে।

আমি শুনেছি যে একজন সিটিজেন তার মা-বাবা এবং ভাই-বোনের জন্যে আবেদন করতে পারে। আমার এখন জানার বিষয় হচ্ছে দেশে আমার ভাই আছেন– আমি এখন আমার ভাইয়ের জন্যে আবেদন করতে পারি?

ইমিগ্রেশন বিষয়ে আমরা তেমন কোন অভিজ্ঞতা নেই। সে কারণে এই বিভাগের মাধ্যমে আপনার পরামর্শ কামনা করে এই প্রশ্নটি উপস্থাপন করলাম। আশাকরি আপনার পরামর্শ পাব।

ম. চৌধুরীর প্রশ্নের উত্তরঃ আপনার প্রশ্নের মতো প্রশ্ন আমরা প্রায়শই পেয়ে থাকি। এবং তার উত্তরও প্রকাশ করা হয়।

এ ব্যাপারে আমাদের প্রথমে জানা থাকা দরকার একজন ইউএস সিটিজেন কাজের জন্যে আবেদন করতে পারেন?

একজন ইউএস সিটিজেন নিম্নে উল্লেখিত আত্মীদের জন্যে আবেদন করতে পারেনঃ

১) স্পাউস (স্বামী/স্ত্রী),
২) সন্তান ২১ নিম্ন এবং ২১ উর্ধ বয়সী,
৩) মা-বাবা এবং
৪) ভাই-বোন।

আপনি একজন ইউএস সিটিজেন। ইমিগ্রেশন আইন অনুযায়ী আপনি উপরে উল্লেখিত আপনার আত্মীয়ের জন্যে আবেদন করতে পারেন।

আপনি বাংলাদেশে অবস্থানকারী আপনার ভাইয়ের জন্যে আবেদন করতে চান। হ্যাঁ আপনি আপনার ভাইয়ের জন্যে আবেদন করতে পারেন।

তবে এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ইউএস সিটিজেনের স্পাউস, মা-বাবা এবং ২১ নিম্ন বয়সী অবিবাহিত সন্তাদের সাক্ষাত আত্মীয় হিসেবে বিবেচিত হন। আর এই সাক্ষাত আত্মীয়দের জন্যে কোন অপেক্ষার নিয়মে নেই। ইমিগ্রেশন প্রক্রিয়া সম্পর্কে হতে যতটা সময় লাগে সেটুকু সময় অপেক্ষা করতে হয়। তবে, এ প্রসঙ্গে জানা থাকা দরকার যে ইউএস সিটিজেনের ভাই-বোনরা চতুর্থ প্রেফারেন্সে পড়েন। আর এই ক্যাটেগরির অপেক্ষায় সময় হচ্ছে আনুমানিক ১০ বছরের বেশি। আপনার অবগতির জন্য উল্লেখ করছি যে এই ক্যাটাগরির জন্যে আবেদন করতে নিম্নে উল্লেখিত তথ্যপত্র দরকারঃ

১) ফর্ম আই-১৩০,
২) পিটিশনারের ইউএস সিটিজেনশীপের সার্টিফকেট, পাসপোর্টের কপি,
৩) বার্থ সার্টিফিকেটের কপি,
৪) যথাযথ ইমিগ্রেশন ফিস।

আপনার জানা থাকা দরকার বেনিফিশিয়ারীর জন্য কোন কোন তথ্যপত্র দরকার ঃ

১) বার্থ সার্টিফিকেটের কপি,
২) বিবাহিত হয়ে থাকলে ম্যারেজ সার্টিফিকেটের কপি,
৩) সন্তান থাকলে তাদের বার্থ সার্টিফিকেট,
৪) মা-বাবার বিয়ের সার্টিফিকেটের কপি,
৫) ডিভোর্স হয়ে থাকলে তার সার্টিফিকেট।

এরপর জানা দরকার আই-১৩০ গৃহীত হলে যা যা লাগবেঃ

১) কারেন্ট জব লেটার, ২) ব্যাংক স্টেটমেন্ট, ৩) ট্যাক্স রিটার্নের কপি,।

সর্বশেষে বলতে চাই– চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন ইমিগ্রেশন এটর্নীর পরামর্শ করা ভালো।

সেপ্টেম্বর ২০২৫ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) সেপ্টেম্বর ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ধারিত হয় এর পূর্বে।

সেপ্টেম্বর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ক্যাটাগরিতে তেমন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পনসর্ড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : জুলাই ১৫, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ অক্টোবর ১৫, ২০১৬।


তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০১ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

আপনাদের জন্য আমরা যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এ্যাটর্নীর সাথে পরামর্শ করা ভালো।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।


যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

শুকনো জীবন
কাজল চক্রবর্তি

ডানায় বিপর্যয়ের জল শুকোলে আশ্রয়ের উত্তাপে
পরিযায়ী পাখি উড়ে যায় নিয়মের হাত ধরে
ভালবাসা তাকেও ভাবায়, পথ বাড়ায়
মাঝে মাঝে ফিরে দেখে কত পথ ফেলে এলো

মানুষ বুঝতে পারে, সে প্রমায় ফেরেনি
ফিরেছে অভ্যাসে, ঘাসের পরে বৃষ্টিস্নাত মুকুল
অথবা খোয়াবি স্বপ্নে ভেসে ভেসে পরিমিত ভুলে
ভুলেই বিপর্যয় আসে, প্রত্যাখ্যানে জীবন শুকায়



মানুষের নদী
বিচিত্র কুমার

মানুষ নদীর মতো
একই জলে কখনো শান্ত, কখনো উত্তাল।
প্রতিটি বাঁক শেখায়
যেখানে ভেসে যাই, সেখানেই আমাদের সীমা।
জীবনের আসল শিক্ষা হলো
বাঁক বদলাতে শিখো, কিন্তু স্রোতকে লড়াইয়ের মতো গ্রহণ করো না।
যেমন নদী- শেষ পর্যন্ত সমুদ্রের বুকেই মিশে যায়,
কিন্তু পথে হাজারো শিলাকে বয়ে নিয়ে যায়।



করুণ নিনাদে বাজে
নাসরীন নঈম

ঋষি কেল্লা নদীর তীরে একা দাঁড়িয়ে আছি
দুপুরের নির্জনতা ভেঙ্গে শোঁ শোঁ শব্দ করে
ফেনিল জলরাশি তীরে এসে ফিরে যায়
কার বুকের দরজা ভেঙ্গে অপার দুঃখের
নিরন্তর শঙ্খধ্বনি করুণ নিনাদে বাজে
যতদূর চোখ যায় কেবলই মনে হয়
সৃষ্টির সৌন্দর্য বড় বেশি মধুময়
মানুষের দেয়া কষ্টের চেয়েও।

মনটা কখন খোলা জানালা হয়ে যায়
ময়ূরাক্ষী ডাহুক চন্দনা জলঢাকা
কত নদী-তীরেইতো দাঁড়ালাম
তবু মানুষকেই মনে হয় বেশি কাছের।

দূরে বহুদূরে কালো কালো সাম্পান
ভেসে যায় সারারাত একা একা
অনাদীকালের শ্রেষ্ঠ সময় এসে দাঁড়ায়
আলগোছে আমার চোখের কার্নিশে।
সময় ভুলে যায়
নাকি মানুষ সময়কে ভুলে যায়।

একটি বিপত্নীক চিলেকোঠা
আইনাল হক

একটি চিলেকোঠা
দিগন্ত বিস্তৃত নীলাকাশ, একদল শূন্যতা এবং আমি;
আশ্রয়হীন দখিনা বাতাস,
পাল ছেঁড়া নৌকা
ঘূর্ণায়মান স্রোতে আড়ষ্ট চেতনাদের আনাগোনা
তথাকথিত রৌদ্রজ্জ্বল সকাল,
ক্ষুধার্ত ও মৃত মানবতা
কাঁটা ক্যাম্পাসে অঙ্কিত আমাদের নৈমিত্তিক দিনকাল

আরেকটু নুন হলে ভালো হতো
সাজ্জাদুর রহমান

বিরহের অনেক বছর পর
তুমি হাতড়ালে দুঃখ
শত অলিগলি পেরিয়ে চলে এলে
মুখোমুখি বিচ্ছেদের

ঈশ্বর নড়েচড়ে সময়ের নিঃসঙ্গতায়
আমার বিশ্বাসের রেশটুকু
মোড়ানো ঠোঙাতে মর্মাহত ডাকে ঈশ্বর
আমি শ্মশানচারী অগ্নিযজ্ঞে
এর বেশি থাকতে পারছি না!

তুমি টেনে ধরো আকাশী শীতলক্ষ্যা পাড়
বিধ্বংসী মাছেদের কোলাহলে
ঢুকে যায় আমার হৃদয়
তুমি জোনাকজ্বলা গ্রাসে খেয়ে নাও
ভস্মীভূত দেহমৃত্যুর ঝোল।

না হারাবার ব্যর্থতার ঢোকচেপে বললে-
'আরেকটু নুন হলে ভালো হতো'।

মেঘবতী
রাহেলা আক্তার

গোধূলির লগ্নে উড়ো মেঘের ডানায়-
ভর করে ভেসে বেড়ায় মেঘবতী;
শূন্যতা বুকে নিয়ে পিপাশু কাতরতায় কাটে যামিনী
জড়ত্বের শেকলে আজ স্বপ্নের আত্মাহুতি।

মুক্তচারণ গোলকবাঁধা মেঘেদের আড়ালে-
কখনো বা ভীড়ে মেঘবতী খুঁজে ফিরে অষ্টপ্রহর;
সুখ বিলাসী মেঘরাজ কামার্তে ছলনায় অপার
মেঘেদের আলিঙ্গনে ওষ্ঠের চুম্বনে বিমোহিত অন্তর।

নির্দয় বেদনায় নিঃসঙ্গতায় অস্থির মেঘবতী
আপনবৃত্তে নীরব! ক্রন্দন পিপাসায় তুষারপাত
চঞ্চল মেঘের আর্তনাদে সুরের মূর্ছনায় গুমরে কাঁদে
অরুন্ধুতি, স্বাতীদের মোহনিদ্রায় কাটেনি প্রভাত।

বিষণ্ন মনে মেঘবতী প্রণয়ের বাসনায় বাসন্তী সাজে
এক তমসাচ্ছন্ন বৃত্তবলয়ে ফের অপেক্ষায়
রিক্তের বেদন অনুচ্চারিত শব্দ গুলো
গুঞ্জরিত আর্তনাদে প্রণয়ময় হৃদগহীনে প্রবাহ অধরায়।

ড্রাম-বিটস'র বার্ষিক ফান্ড রেইজিং ও বনভোজন





শেষ পৃষ্ঠায় পর বরোর প্রোসপেক্ট পার্কে। বেলা ১০টা থেকে বিকেল ৭টা পর্যন্ত এই অনুষ্ঠানের কার্যক্রম চলে। অনুষ্ঠানে বিপুল সংখ্যক বাংলাদেশী ছাড়াও অন্যান্য কমিউনিটির সর্বস্তরের মানুষ অংশ নেন। অনুষ্ঠানে যোগ দিয়ে নিউইয়র্ক সিটির মেয়র পদপ্রার্থী জোহরান মামদানী বলেন, আমরা সবাই মিলে নিউইয়র্ক সিটিকে সুন্দর করে গড়তে চাই, সাধারণ মানুষের উপযোগী শহর বানাতে চাই। তিনি বলেন, আতীতের মতো আগামী দিনেও আমরা সাধারণ মানুষকে সাথে নিয়ে নির্বাচনে জয়ী হতে চাই। 'বাংলাদেশীস ফর অ্যান অ্যাফোরডেবল এনওয়াইসি' শিরোনামের ব্যতিক্রমী এই অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির পাবলিক এডভোকেট জুমানী উইলিয়াম ও কাউন্সিলওম্যান শাহানা হানিফ এবং মূলধারার রাজনীতিক সহ কমিউনিটির উল্লেখযোগ্য ব্যক্তির মধ্যে টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, বাংলাদেশ সোসাইটির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার, ষ্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৬ এর নির্বাচনে প্রার্থী মেরী জোবায়দা, কবি কাজী জহিরুল ইসলাম, টাইম টিভির পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, সাংবাদিক ড. ইমরান আনসারী প্রমুখ উপস্থিত ছিলেন। ড্রামের পরিচালক জাগ্রিদ শিং ও সংগঠক কাজী ফৌজিয়া সহ সংগঠনের কর্মকর্তারা অতিথিদের স্বাগত জানান।















নিউইয়র্কের ব্রঙ্কসে উৎসবমুখর পরিবেশে বর্ণাঢ্য পথমেলা





জলি আহমেদ, *নিউইয়র্ক:* নিউইয়র্কের ব্রঙ্কসে প্রবাসী বাংলাদেশিদের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়ে গেলো বর্ণাঢ্য পথমেলা। গত ৩১ আগস্ট রোববার এই মেলা হয়। সকাল থেকে রাত অবধি মেলায় ছিল বাংলাদেশি বিভিন্ন পণ্য ও প্রতিষ্ঠানের স্টল। এছাড়া ছিল সংস্কৃতি অনুষ্ঠান। এতে নিউ ইয়র্কে বসবাসকারী বাংলাদেশি কমিউনিটির সুপরিচিত সব শিল্পীরা সঙ্গীত পরিবেশ করেন। মেলায় বিভিন্ন পর্যায়ের মূলধারার জনপ্রতিনিধি ও কমিউনিটির নেতা, এক্টিভিটিস এবং ব্যবসায়ীসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিরা উপস্থিত ছিলেন। সবার উপস্থিতিতে উৎসবমুখর হয়ে ওঠে মেলা। বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক ইনকের উদ্যোগে এ পথমেলা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের সভাপতি শামীম আহমেদ। সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক শেখ অলি আহাদ ও উপস্থাপক আহমেদ বুলবুল। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বাংলাদেশ সোসাইটি ইনকের সভাপতি আতাউর রহমান সেলিম। আরও উপস্থিত ছিলেন সাধারন সম্পাদক মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে পথমেলাকে আলোকিত করেন আমেরিকার অন্যতম বাংলা পত্রিকা ঠিকানার সম্পাদক এম এম শাহীন। অনুষ্ঠানে গানে মাতিয়ে রাখেন বিন্দু কনা, রন্টি দাস, কৃষ্ণা তিথি, কালা মিয়া বয়াতি, রোকসানা মির্জা, রায়হান পারভেজ, জান্নাতি বিনতে জহিরুল, জহিরুল ইসলাম ও তানভির সাহিন। নৃত্য পরিবেশনায় অতিথিদের মুগ্ধ করেন মিথান ডান্স একাডেমির সদস্যরা ও এনেজলিনা মায়া। বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের সভাপতি শামীম আহমেদ বলেন, বাংলাদেশিরা আমেরিকার মাটিতে নিজস্ব সংস্কৃতিকে ছড়িয়ে দিচ্ছেন। এই মেলার মাধ্যমে নতুন প্রজন্মের কাছে বাংলাদেশের সংস্কৃতিকে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। এটি আমাদের একে অপরের প্রতি ভালোবাসা ও ভাতৃত্ববন্ধনের প্রতীক। পথমেলায় উপস্থিত এটর্নী মঈন চৌধুরী বলেন, ব্রঙ্কস সারা বিশ্বব্যাপী পরিচিত। বাংলাদেশে যারা এখানে আসেন তারা ব্রঙ্কসের মায়ায় পড়ে যান। বাংলাদেশ সোসাইটি দুর্দান্ত কাজ করছে। এই একটা কমিটি ২৭ বছর ধরে সুনামের সঙ্গে কাজ করে যাচ্ছে। আমি আয়োজকদের এ জন্য ধন্যবাদ জানাই। পথমেলায় বিশেষ অতিথি ও টাইটেল স্পন্সর ছিলেন আব্দুল রব দলা মিয়া। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সভাপতি মো. সামাদ মিয়া জাকারিয়া। শুভেচ্ছা বক্তব্য দেন সাধারণ সম্পাদক শেখ অলি আহাদ, সহ-সভাপতি কাজী রবিউজ্জামান, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক সুরজিত কিশোর দাস চৌধুরী, সম্মানিত সদস্য বিজয় কৃষ্ণ সাহা, সহ- সাধারণ সম্পাদক সুরাইয়া আলম লাকি ও সাংগঠনিক সম্পাদক দীপংকর দেব প্রমুখ।


পথ মেলার অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সিনিয়র সভাপতি মো. মহিউদ্দিন দেওয়ান, সমাজ কল্যাণ সম্পাদক জামিল আনসারি, বোর্ড অব ট্রাস্টিজ সদস্য জোনাইদ চৌধুরী, সাবেক সভাপতি আজমল হোসেন কুনু। মুল ধারার রাজনীতিবিদদের মধ্যে ছিলেন এসেম্বলি মেম্বার, ডিস্ট্রিক্ট ৮৭ কারিনেস রিয়াস, হাজী আব্দুস শহিদ(সাবেক সভাপতি), ইমরান শাহ রন, জামাল হোসাইন, সিপিএ জাকির চৌধুরী, ডিটেকটিভ (অব:) মাসুদুর রহমান, আব্দুর রহিম বাদশা, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, আবুল লেইছ চৌধুরী, এম এ মুহিত, খবির উদ্দিন ভুইয়া। স্পন্সর দাতাদের মধ্যে উপস্থিত ছিলেন আহাদ আলী সিপিএ, তোফায়েল লিটন চৌধুরী, সাইদুর রহমান লিংকন, মোহাম্মদ আলী, মেহের বি চৌধুরী, জাহানগীর কাজী, বোরহান চৌধুরী হেলথ ফাস্ট, সালে উদ্দিন সাল পার্কচেস্টার রিয়েলিটি, খলিলুর রহমান খলিল। উপস্থিত থেকে পথমেলার অনুষ্ঠান করেন বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক ইনকের সাবেক সভাপতি মাহবুব আলম, মো. শামিম মিয়া, শাহেদ আহমদ এবং সাবেক সাধারণ সম্পাদক কাওছারুজ্জামান কয়েস, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, সহ-সভাপতি লোকমান হোসেন লুকু, জাবেদ উদ্দিন। মেলা উদযাপন কমিটিতে ছিলেন আহ্বায়ক মো: সামাদ মিয়া জাকারিয়া, যুগ্ম-আহ্বায়ক জহিরুল ইসলাম, বিজয় কৃষ্ণ সাহা। সদস্য সচিব শেখ শফিকুর রহমান, যুগ্ম-সদস্য সচিব কাজী রবিউজ্জামান, সুরাইয়া আলম লাকি। প্রধান সমন্বয়ক মোস্তাকুর রহমান লিটন, সমন্বয়ক দিপংকর দেব ও কাজিরুল ইসলাম শিপন। সাংস্কৃতিক উপ-কমিটি ছিলেন রায়হান পারভেজ, কবি জুলি রহমান, মিথন দেব। অর্থ উপ-কমিটিতে ছিলেন হুমায়ুন কবির সুহেল, আবুল কালাম আজাদ, মহিবুল হক। বিলাল ইসলাম, আশফাকুল হক চৌধুরী, মো: ফখরুল ইসলাম, নাজমুল ইসলাম রাসেল, মো: চৌধুরী মুমিত, ফখরুল ইসলাম চৌধুরী, সুমন চৌধুরী, ফাহিম আহমদ, রেজা উর রহমান রেজা, মাহাবুব রহমান।

পুরো মেলায় ফুটে উঠে বাঙালির ঐতিহ্য ও সংস্কৃতি। সব মিলিয়ে একটি প্রাণবন্ত ও উৎসবমুখর পরিবেশে শেষ হয় মেলা।












বর্ণাঢ্য আয়োজনে ওজনপার্কে কালাম'স বাজারের উদ্বোধন





শেষ পৃষ্ঠায় পর

বর্ণাঢ্য আয়োজনে আনুষ্ঠানিকভাবে সুপার শপটির উদ্বোধন করা হয় গত ৫ সেপ্টেম্বর শুক্রবার। প্রতিযোগিতার বাজারে নিত্য পণ্যের উর্ধ্বমুখী দামে হিমশিম খাচ্ছে ক্রেতারা। সেই সাথে দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে যুক্তরাষ্ট্রে বাংলাদেশীদের ব্যবসা প্রতিষ্ঠান। কম দামের সহজ লভ্য পণ্য ক্রেতাদের কাছে পৌঁছে দেয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু হল কালামস বাজার। এ শপটিতে রয়েছে সতেজ শাক সবজি, ফলমূল, মাছ মাংস থেকে শুরু করে গৃহস্থলির সব ধরণের নিত্য পণ্যের সমাহার।

উদ্বোধনের পরপরই ক্রেতা সমাগমে জমে উঠে কালামসবাজার। স্বল্পমূল্যে গৃহস্থালী পণ্য কিনতে পেরে খুশি ক্রেতা সাধারণ।

উদ্বোধনী দিন পবিত্র জুমার নামাজের পরে কালামস বাজার-এর স্বত্বাধিকারী মোঃ জুবায়ের কালাম ও মিসেস কালাম, রায়হান পারভেজ, মার্কেটিং হেড মুকিদ আহমেদ, কানিজ ফাতেমা, সাইফুল ইসলাম, তানভীর বাংলাদেশ কনস্যুলেটের কর্মকর্তা এবং টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র সিইও আবু তাহেরকে সাথে নিয়ে ফিতা কেটে এর উদ্বোধন করেন।

শপটির উদ্বোধন উপলক্ষে এদিন ১০০ ডলারের পণ্য কিনলে 'বিশ হাজার ডলার' পর্যন্ত প্রাইজ মানি পাওয়ার সুযোগ দেয়া হয় ক্রেতা সাধারণ। এছাড়াও ৫ ও ৬ যথাক্রমে শনি ও রোববার সেপ্টেম্বর ফ্রি ফুড ফেস্টিভ্যাল আয়োজন করা হয় কালামস বাজারে। ৯০০০ স্কয়ার ফিটের সুপার শপটিতে প্রায় অর্ধশত গাড়ী পার্কিং সুবিধা সহ বাংলাদেশী ক্রেতাদের সকল ধরনের প্রোডাক্ট সহজলভ্যতা বজায় রেখে ভারত, চীন, স্পেনীশসহ সবদেশের ক্রেতাদের মাঝে হালাল খাবারের সমারোহের ধারাবাহিকতা ভবিষ্যতে বজায় থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন কর্তৃপক্ষ।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!



কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

মাত্রায় ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে স্বচ্ছন্দে পাচার করতে পারেন।

যে কোন যোগ্যতায় মানিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৫ বছরের সুবিধা নিয়ে পারেন এবং চুক্তির পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার ক্রিমেল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplle@gmail.com, Web: www.k-lplle.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit **2021** For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea

Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, OB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমরা বাংলায় কথা বলি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
